ইংলণ্ডীয় ইতিহাসের

প্রশ্নোত্তর

শ্রীনবীনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়

প্রণীত

কলিকাতা।

গৌড়ীয় যন্ত্রে মুদ্রিত

বঙ্গাব্দ ১২৬৮

মাঘ

মূল্যঃ ।৶৹

ইংলণ্ডদেশীয় ইতিহাসের প্রশ্নোত্তর।

প্রথম অধ্যায়।

গ্রেটব্রিটেনে প্রথমতঃ মনুষ্যের বসতি হইবার বিষয়।

প্রশ্ন। যে সকল লোক প্রথমতঃ উক্ত দ্বীপে বাস করে তাহাদিগের মূল কি? অর্থাৎ তাহারা কে কোথা হইতে আইসে এবং কোন্ সময় আসিয়া উক্ত দ্বীপে বাস করে?

উত্তর। তাহাদিগের মূল নিশ্চয় করিয়া কিছুই নির্দ্দেশ করা যায় না। আর আর দেশীয় লোকদিগের আদিম বৃত্তান্ত যেমন দুর্জ্ঞেয় ও অনিশ্চিত উক্ত দ্বীপবাসী পূর্ব্বতন লোকদিগেরও সেই রূপ।

প্র। তবু সাধারণ লোকে কি অনুমান করিয়া থাকে?

উ। সাধারণ লোকে এই অনুমান করে যে ভিন্ন ভিন্ন সময়ে ইউরোপ খণ্ডের নানা স্থান হইতে লোক গিয়া উক্ত দ্বীপে বাস করিয়াছিল এবং এই অনুমানই অনেকে সত্য বলিয়া স্বীকার করিয়া থাকেন, কিন্তু কোন্ সময়ে যে প্রথমতঃ উক্ত দ্বীপে মনুষ্যের বস বাস হয়, সে বিষয় কেহ কিছু অনুমান করিয়া স্থির করিতে পারেন নাই।

প্র। ব্রীটেনে প্রথমতঃ মনুষ্যের বসতি হইবার বিষয়ে যে সকল কথার প্রচার আছে, তন্মধ্যে কোন্ কথার প্রতি অধিক বিশ্বাস করা যাইতে পারে?

উ। টিউটাট নামক নৃপতির অধিকারস্থ সেল্টি নামক কতগুলি প্রজা ফ্রান্স হইতে আসিয়া প্রথমতঃ ব্রীটেনে বাস করে, এই কথাই অধিক প্রত্যয়জনক।

প্র। তাহারা কি উদ্দেশে ব্রীটেনে গিয়া প্রথমে বাস করে?

উ। কেবল বাণিজ্য বিস্তারেরই উদ্দেশে।

প্র। আর কোন্ স্থান হইতে প্রথমতঃ মনুষ্য গিয়া ব্রীটেনে বাস করে?

উ। আর গল নামক প্রাচীন স্থানের উত্তরাংশ হইতে বেল্জি নামে কতকগুলি লোকও গমন করে।

প্র। সেল্টী ও বেল্জিদিগের আদি বৃত্তান্ত কি?

উ। উহারা উভয়েই গল নামক স্থানের লোক; কেহ

কেহ উহাদিগকে নোয়ার পৌত্র গমোরের বংশজাত বলিয়া অনুমান করিয়া থাকে।

দ্বিতীয় অধ্যায়।

পূর্ব্বতন ব্রিটনদিগের বৃত্তান্ত।

প্র। প্রাচীন ব্রিটনদিগের আকার প্রকারের স্থূল বৃত্তান্ত কি?

উ। তাহারা সুঠাম সবল ও অতি দীর্ঘকায়; যে প্রকার করিয়া উল্কী পরে সেই রূপ করিয়া ওড নামক এক প্রকার উদ্ভিদ দ্বারা তাহারা আপনাদিগের সর্ব্বাঙ্গ চিত্রিত করিত এবং তদ্দ্বারা তাহাদিগের লোমকূপ সকল রুদ্ধ হওয়াতে শীতের ক্লেশের অনেক লাঘব হইত এবং তাহাদিগকে দেখিতেও অত্যন্ত বিকটাকার বোধ হইত, তাহারা বীর্য্যবন্ত, শূর, এবং উদারস্বভাব বলিয়া প্রসিদ্ধ ছিল এবং সকলেই তাহাদিগকে সৎ এবং অকপট বলিয়া বিশেষ রূপে প্রশংসা করিত।

প্র। তাহারা সামান্যত কি প্রকার বেশ ধারণ করিত?

উ। তাহাদিগের মধ্যে প্রধান প্রধান ব্যক্তিরা যোদ্ধার

মস্তক গলা অবধি পাপর্য্যন্ত লম্বা এক প্রকার রেশমের বস্ত্র পরিধান করিত। তৎকালে তাহাদিগের মধ্যে রেশম প্রস্তুত করিবার কোন পদ্ধতিই প্রকাশিত ছিল না, অতএব তাহারা যে ঐ রেশমের বস্ত্র স্থানান্তর বা দেশান্তর হইতে লইয়া যাইত সে বিষয়ে আর কোন সন্দেহই নাই।

প্র। বিশেষ বিশেষ পদাভিষিক্ত বা উপাধি বিশিষ্ট মনুষ্যেরা কি প্রকার বস্ত্রাদি পরিধান করিত?

উ। তাহারাও পূর্ব্বোক্ত প্রকার যুব্বার ন্যায় রেশমের কাপড় পরিধান করিত, তদ্ভিন্ন পুরুষেরা গলদেশে স্বর্ণময় হার ধারণ করিত এবং স্ত্রীলোকদিগের হস্তে স্বর্ণাভরণ থাকিত, কিন্তু পূর্ব্বকালীন আপামর সাধারণ ব্রিটনেরা পশু চর্ম্ম পরিধান করিয়া লজ্জা নিবারণ করিত এবং আপনাদিগের শরীরে নানাপ্রকার বন-পুষ্প ও নানাজাতীয় বন্য পশুর প্রতিরূপ চিত্রিত করিয়াই অভরণ পরিবার অভিলাষ চরিতার্থ করিত।

প্র। তাহারা কি প্রকার ঘরে বাস করিত?

উ। তাহারা বৎসরের মধ্যে সময় বিবেচনা করিয়া কখন কখন পর্ণকুটীরের মধ্যেও বাস করিত এবং কখন বা মাটীর ঘর প্রস্তুত করিয়া তথায় থাকিত।

প্র। তাহাদিগের গ্রাম নগরের ভাব কি প্রকার ছিল?

উ। মাংসাশী ও মৃগয়াশীল ব্রীটনেরা আপনাদিগের

প্রিয় এবং প্রয়োজনীয় সুখসাধনের উপযুক্ত অরণ্যমধ্যে একটু একটু অন্তর করিয়া পূর্ব্বোল্লিখিত প্রকার কতগুলি কুটীর নির্ম্মাণ করিয়া গ্রাম বা নগরের ন্যায় সমাজবদ্ধ হইয়া একত্রে বাস করিত।

প্র। পূর্ব্বতন ব্রীটনেরা কি চির দিন এক স্থানেই গ্রাম স্থাপন পূর্ব্বক বাস করিয়া থাকিত, কি অধুনাতন তাতারদিগের ন্যায় স্থানে স্থানে ভ্রমণ করিয়া বেড়াইত?

উ। তাহারা নানাস্থানে ভ্রমণ করিয়াই বেড়াইত, কিন্তু যখন যেমন সময় তখন সেই প্রকার স্থানে বাস করিত, গ্রীষ্মকালে জলাশয়সম্পন্ন ও তৃণপূর্ণ প্রান্তর বিশিষ্ট উপত্যকায় বাস করিত এবং শীতকাল উপস্থিত হইলে পর্ব্বত সন্নিহিত স্বাস্থ্যকর শুষ্ক এবং উষ্ণ স্থানে গিয়া কাল যাপন করিত।

প্র। ব্রীটেনে বেল্‌জিদিগের বাস হইবার পূর্ব্বে তথাকার লোকে প্রত্যহ কি আহার করিত?

উ। বেল্‌জিদিগের আগমনের পূর্ব্বে ব্রিটেনবাসিরা দুগ্ধ পান ও অরণ্যস্থ পশু শিকার পূর্ব্বক তাহার মাংস ভোজন করিয়াই জীবন ধারণ করিত, অনন্তর গল হইতে বেল্‌জিরা আসিয়া কৃষিবিদ্যার প্রচার করিয়া পূর্ব্বতন ব্রিটনদিগকে শস্য উৎপন্ন করিয়া রুটি প্রস্তুত করিবার পদ্ধতি শিখাইল।

প্র। বেলজিদিগের অগ্রে ব্রিটেন দ্বীপে কাহারা বাস করিত ?

উ। শেল্টী নামক এক প্রকার জাতি।

প্র। পূর্ব্বকালীন ব্রিটনেরা কোন্ শস্যের রুটি প্রস্তুত করিত ?

উ। তাহারা কখন কখন গমেরও রুটি করিত কিন্তু সচরাচর যব গম ও রাই একত্রে মিশ্রিত করিয়াই তাহার রুটি প্রস্তুত করিত।

প্র। পূর্ব্বতন ব্রিটনদিগের মধ্যে কিপ্রকার রাজ্য ও রাজ্য শাসনের পদ্ধতি প্রচলিত ছিল ?

উ। এক একটী পরিবার এক একটি রাজ্যের স্বরূপ ছিল, ও প্রত্যেক পরিবারের কর্ত্তা পৃথক্ পৃথক্ রাজার স্বরূপ হইয়া স্ব স্ব অধিকারের শাসন করিতেন এবং পরিবারের দোষাদোষ ও শুভাশুভের নিমিত্ত তাহার কর্ত্তাকেই নিন্দা বা প্রশংসাভাজন হইতে হইত।

তৃতীয় অধ্যায়।

পূর্ব্বতন ব্রিটনদিগের বিভিন্ন প্রকার শ্রেণীর ও পদের বিবরণ।

প্র। পূর্ব্বকালীন ব্রিটনেরা কয় শ্রেণীতে বিভক্ত ছিল ?

উ। তিন শ্রেণীতে। আভিজাত্যাপন্ন কুলীন, ধর্ম্ম উপ-

দেশক ও ইতর লোক। ইতর লোকেরা সর্ব্বতো-ভাবেই প্রধান দুই শ্রেণীর অধীন থাকাতে প্রায় ক্রীতদাসের ন্যায়ই হইয়া ছিল।

প্র। অগ্রগণ্য কুলীনদিগের অবস্থা কি প্রকার?

উ। কুলীনদিগের সকলেরি এক একটি নির্দ্দিষ্ট অধিকার ছিল এবং প্রত্যেকেই আপন আপন অধিকারের মধ্যে রাজা হইয়া একাধিপত্য করিতেন।

প্র। ইতর লোকদিগের লক্ষণ কি?

উ। যাহারা নিঃস্ব এবং নীচ, তাহারাই ইতর শ্রেণীর মধ্যে পরিগণিত হইত।

চতুর্থ অধ্যায়।

পূর্ব্বতন ব্রিটনদিগের ধর্ম্মোপদেশকের বিবরণ।

প্র। ধর্ম্মোপদেশকদিগের মধ্যে কয় প্রকার শ্রেণী ছিল?

উ। তিন প্রকার। ড্রুইড অর্থাৎ প্রধান উপদেশক, বার্ড অর্থাৎ কবি এবং বেট অর্থাৎ জ্ঞানী। ইঁহারাই রাজ্যের জ্ঞান, ধর্ম্ম ও রাজনিয়ম সম্পর্কীয় সমস্ত কর্ম্ম নির্ব্বাহ করিতেন।

প্র। এই তিনের মধ্যে প্রধান কে?

উ। ড্রুইড। এই ড্রুইড উপাধি বিশিষ্ট লোকদিগের

প্রতিই রাজ্যের সমস্ত সামাজিক ও ধর্ম্মসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিবার ভার ছিল। সকল ড্রুইডের উপর আর্চড্রুইড নামে এক জন সর্ব্বাধ্যক্ষ কর্ত্তা থাকিত, সেই ব্যক্তি অপরাপর ড্রুইড দিগের কর্ম্মের তত্ত্বাবধান করিত।

প্র। ড্রুইডের লক্ষণ কি?

উ। প্রধান প্রধান ভদ্রবংশের মধ্য হইতে এক এক ব্যক্তি সাধারণের মনোনীত হইয়া ড্রুইডের পদ প্রাপ্ত হইতেন এবং তাঁহারা জ্যোতিষ, ক্ষেত্রতত্ত্ব পদার্থবিদ্যা, সামাজিক নিয়ম ও ভূগোলবিদ্যা প্রভৃতিতে বিশেষ পারদর্শী হইয়া সমস্ত রাজকীয় ও ধর্ম্ম সম্পর্কীয় কর্ম্ম নির্ব্বাহ করিতেন।

প্র। বার্ড অর্থাৎ কবিরা কি করিত?

উ। তাহারা কবিতা রচনা পূর্ব্বক দেবতাদিগের ও মান্য কীর্ত্তিকুশল ব্যক্তিদিগের গুণানুবাদ করিয়া বীণাদি যন্ত্রে গান করিত।

প্র। বেটনামক সম্প্রদায়েরা কি প্রকার কর্ম্মে ব্যাপৃত থাকিতেন?

উ। তাহারা নানা প্রকার দর্শনশাস্ত্র বিজ্ঞানশাস্ত্র ও শিল্পশাস্ত্র অধ্যয়ন করিয়া এবং বিবিধ প্রকার সৃষ্টি-কৌশল পর্য্যালোচনা করিয়া সর্ব্ব সাধারণ লোককে সেই সকল তত্ত্বের শিক্ষা প্রদান করিতেন। অপর

সাধারণ লোকে তাঁহাদিগকে প্রাকৃত মনুষ্য বলিয়া বোধ করিত না।

প্র। পূর্ব্বতন ব্রিটনেরা কি প্রকার ধর্ম্ম অবলম্বন করিত?

উ। তাহারা ঘোরতর পৌত্তলিক ছিল; কখন কখন তাহারা দেবপ্রতিমার নিকট নরবলি পর্য্যন্ত প্রদান করিত।

প্র। ধর্ম্মযাজক ড্রুইডেরা কোন্ কোন্ উদ্ভিদকে অধিক শ্রদ্ধা করিত এবং কোন্ কোন্ জড় পদার্থের উপাসনা করিত?

উ। সমস্ত প্রকার উদ্ভিদের মধ্যে ড্রুইডেরা মিসটিল্‌টো নামক এক প্রকার পরগাছ ও দেবদারু বৃক্ষকেই অধিক শ্রদ্ধা করিত এবং শৈল প্রস্তর ও উৎসের আরাধনা করিত।

প্র। পরিণামে ড্রুইডদিগের কি অবস্থা হইল?

উ। তাহারা পরিণামে রোমদেশীয় প্রসিদ্ধ নৃপতি নিরোর অনুমতিক্রমে অনেকেই নিহত হইয়া ছিল।

প্র। পূর্ব্বকালীন ব্রিটনদিগের মধ্যে লিপিকার্য্য ও চিত্রকার্য্যের পদ্ধতি প্রচলিত ছিল না, তবে আমরা কি প্রকারে তাহাদিগের ভিন্ন ভিন্ন কালের বিভিন্ন প্রকার ঘটনা অবগত হইতে সমর্থ হইলাম?

উ। তাঁহাদিগের বার্ড অর্থাৎ কবিদিগের প্রতি রাজ্যের সমস্ত বৃত্তান্ত বর্ণন করিবার ভার ছিল, আমরা সেই

সমস্ত কাহিনির রচনা হইতে ব্রিটেনের অনেক প্রকার পূর্ব্ববৃত্তান্ত জানিতে পারিয়াছি।

পঞ্চম অধ্যায়

জয়লব্ধ উইলিএম রাজার পূর্ব্বে ব্রিটেন দ্বীপে যে প্রকার রাজ্যের শৃঙ্খলা ছিল তাহার বিবরণ।

প্র। ইংলণ্ডরাজ্য নরমেণ্ডীর* ডিউক উইলিএমের শাসনাধীন হইবার পূর্ব্বে কোন্ কোন্ ব্যক্তির হস্তে পতিত হইয়াছিল?

উ। উক্ত রাজ্য প্রথমে ব্রিটেনের আদিম বাসীদিগের শাসনেই অনুশাসিত হয়, পরে রোমকেরা† উহার অধিকার প্রাপ্ত হইয়াছিল, তদনন্তর জরমেন দেশীয় সাক্সন নামক মনুষ্যেরা উহার অধিপতি হয় এবং পরিশেষে দিনামার‡ জাতিরা উক্ত রাজ্যের রাজা হয়।

* নরমেণ্ডী ফ্রান্সরাজ্যের অন্তর্গত একটী প্রদেশ।
† রোম দেশীয় মনুষ্যের নাম।
‡ ডেনমার্ক দেশীয় লোকের নাম দিনামার।

ষষ্ঠ অধ্যায়।

জুলিয়স্ সিজরের ইংলণ্ড আক্রমণ।

প্র। কে সর্বাগ্রে ব্রিটেন আক্রমণ করে?

উ। খৃষ্টাব্দের ৫৫ বৎসর পূর্বে জুলিয়স্ সিজরের অধীনস্থ রোমকেরাই সর্বাগ্রে ব্রিটেন আক্রমণ করিয়াছিল।

প্র। ব্রিটনের লোকেরা কি উক্ত আক্রমণের প্রতিবন্ধক হয় নাই?

উ। হাঁ, তাহারা প্রতিবাদী হইয়া অনেক সংগ্রামও করিয়াছিল, কিন্তু পরিশেষে রোমকদিগের নিকট পরাভূত হওয়াতে উভয় পক্ষে সন্ধি হইবার প্রস্তাব হইল। এপ্রকার অবস্থাতেও কিছু কাল পরে সিজরকে এক বার গলে প্রত্যাগমন করিতে হইয়াছিল।

প্র। সিজর কি পুনর্বার ইংলণ্ডে ফিরিয়া আসিয়াছিলেন?

উ। হাঁ, তাহার পর গ্রীষ্মকালে সিজর বিংশতি সহস্র পদাতিক, বহুসংখ্যক অশ্বারোহী এবং আট শত রণতরি সঙ্গে লইয়া আগমন করেন।

প্র। সিজরের সঙ্গে যুদ্ধে কে ব্রিটিশ পক্ষের সেনাপতি হইয়াছিল?

উ। ট্রিনোবেন্টিসের রাজা কাসীবিলনস্।

প্র। সিজরের দ্বিতীয় বার আক্রমণের সময় কি ব্রিটনের লোকেরা প্রতিবাদী হইয়াছিল?

উ। হাঁ হইয়াছিল কিন্তু কৃতকার্য্য হইতে পারে নাই সিজর প্রবল পরাক্রমের সহিত ব্রিটেনে প্রবেশ করিয়া বিরুলেমঃ* নামক স্থান আত্মসাৎ করেন এবং ব্রিটনবাসীদিগের প্রতি বাৎসরিক কর প্রদানের নিয়ম প্রতিষ্ঠিত করিয়া স্বস্থানে প্রস্থান করেন তদবধি প্রায় এক শত বৎসর পর্য্যন্ত ব্রিটেনে আর কোন উপদ্রব ঘটে নাই। প্রজারা এক প্রকার স্থির হইয়াছিল।

সপ্তম অধ্যায়।

রোমদেশীয় নৃপতিদিগের রাজত্বকালীন ব্রিটেনের যে প্রকার অবস্থা ছিল তাহার বিবরণ।

প্র। সিজরের পর আর কোন্ রোমক রাজা ব্রিটেন আক্রমণে প্রবৃত্ত হইয়াছিলেন?

উ। রোমের চতুর্থ রাজা ক্লাডিয়স্ সিজর; কিন্তু সে

* বিরুলম্ হার্টফোর্ড সাইর নামক স্থানেরই অন্তঃপাতী ছিল। এক্ষণে সে স্থান (সেন্টআলবান্) নামে প্রসিদ্ধ।

সম্পূর্ণ রূপে আপনার অভীষ্ট সিদ্ধ করিতে পারে নাই।

প্র। ব্রিটেনের কোন্ নৃপতি তাহার প্রবল প্রতিপক্ষ হইয়াছিল?

উ। কেরেকটেকস্। কিন্তু পরিশেষে রোমকেরা তাঁহাকে স্বদেশে ধৃত করিয়া লইয়া যায়।

প্র। রোমকেরা তাঁহাকে যখন ধৃত করিয়া রোম রাজ্যের মধ্য দিয়া জয়ধ্বনি পূর্ব্বক লইয়া যায় তখন সেই ধৃত রাজা কি বলিয়াছিলেন?

উ। তিনি বলিয়াছিলেন, যে যাহার স্বরাজ্যে এত অতুল ঐশ্বর্য্য, আমার ব্রিটেনের ক্ষুদ্র কুটীরের উপর তাহার লোভ জন্মান কিপ্রকারে সম্ভব হয় বলিতে পারি না।

প্র। ব্রিটেন রাজ্যের কোন্ রাণী রোমকদিগের প্রতিপক্ষ হইয়াছিলেন?

উ। নারফোক এবং সাফোক নামক স্থান নিবাসি আইসিনি নামক প্রজাদিগের রাণী বোয়াডিসিয়া একবার রোমকদিগের প্রতিপক্ষ হইয়াছিলেন কিন্তু পরিশেষে তিনি পরাজিত হইয়া এবং ৬১ খ্রীষ্টাব্দে অশীতি সহস্র যোদ্ধার জীবন হারাইয়া শত্রু কর্ত্তৃক অপমানিত হইবার আশঙ্কায় বিষ ভক্ষণ করিয়া প্রাণ ত্যাগ করেন।

প্র। এই যুদ্ধেই কি রোমকেরা সম্পূর্ণরূপে ব্রিটেনকে অধিকৃত করিতে পারিয়াছিল?

উ। না, পারে নাই. তাহার অনেক কাল পরে টাইটস নামক রোমদেশীয় নৃপতি এবং তাঁহার উত্তরাধিকারী জ, এগ্রিকোলা এবং সে, সিবিরস্ ক্রমে ক্রমে যুদ্ধ করিয়া অল্পে অল্পে ব্রিটেনের সমস্ত অধিকার গ্রহণ করেন। এগ্রিকোলাই সুবিখ্যাত গেলগেকসকে পরাভূত করেন এবং কেলিডোনিয়ানদিগের * সঙ্গে সন্ধি নিবদ্ধ করেন।

প্র। কি উপলক্ষে রোমকেরা কারলাইল হইতে নিউ-কাসেল পর্য্যন্ত প্রসিদ্ধ প্রাকার নির্ম্মাণ করে?

উ। স্কট্‌লণ্ডের নিকটস্থ পিকট নামক লোকের আক্রমণ নিবারণ করিবার উদ্দেশে রোমকেরা উক্ত প্রাকারের নির্ম্মাণ করে।

প্র। কোন্ ব্যক্তি ফোর্থ হইতে ক্লাইড পর্য্যন্ত প্রাকার নির্ম্মাণ করে?

উ। উক্ত প্রাকারও ঐ উদ্দেশে রোমদেশীয় নৃপতি সিবিয়স কর্ত্তৃক নির্ম্মিত হয়।

প্র। সিবিয়স্ কোন্ সময় ইংলণ্ডে আগমন করে?

উ। ২০৮ খৃষ্টাব্দে।

প্র। ইহার কত কাল পরে রোমকেরা ইংলণ্ড রাজ্য একেবারে পরিত্যাগ করে?

* পূর্ব্বে স্কট্‌লণ্ডের নাম কেলিডোনিয়া ছিল এবং তথাকার মনুষ্য সকল কেলিডোনিয়ান নামে উক্ত হইত।

উ। দুই শত চল্লিশ বৎসরের পর ৪৮৮ খৃষ্টাব্দে তাহা- দিগের অধিকার পতৎকল্প হইবার সময়ে অত্যন্ত বিস্তীর্ণ হওয়াতে তাহারা আর এত দূরস্থিত রাজ্য সুনিয়মে রক্ষা করিতে না পারিয়া পরিত্যাগ করিতেই প্রস্তুত হইল।

প্র। ব্রিটেন কত দিন পর্য্যন্ত রোমকদিগের অধীন ছিল?

উ। প্রায় চারি শত বৎসর।

অষ্টম অধ্যায়।

রোমকদিগের শেষাধিকার অবধি সাকসনের সপ্তরাজ্যে অধিকার পর্য্যন্ত।

প্র। রোমকেরা ব্রিটনরাজ্য পরিত্যাগ করিলে পর কা- হারা উক্ত স্থান আক্রমণ করিয়াছিল?

উ। স্কটলণ্ডের পূর্ব্বকালীন পিক্ট এবং কালিডোনিয়া নামক লোকেরাও তৎকালে উক্ত স্থান আক্রমণপূর্ব্বক লুট করিয়া নানাপ্রকার অত্যাচার ও অনিষ্ট সাধন করিয়াছিল।

প্র। তাহাদিগের অত্যাচার নিবারণের জন্য ব্রিটনেরা কাহার শরণাপন্ন হইয়াছিল?

উ। তাহারা প্রথমতঃ রোমকদিগের শরণাপন্ন হইয়া

কৃতকার্য্য হইতে না পারিয়া পুনরায় সাকসনদিগের শরণাগত হয়, এবং সাকসনেরাই তাহাদিগের অভীষ্টসিদ্ধি করেন।

প্র। সাকসনেরা কে?

উ। জরমেন রাজ্যের উত্তরাংশের অন্তর্গত সাকসনি নামক স্থানের মনুষ্যদিগের নাম সাকসন।

প্র। ব্রিটন রক্ষার্থে সাকসনেরা প্রথমে কোন্ সময় কোন্ কোন্ সেনাপতির অধীনে সৈন্য প্রেরণ করে?

উ। তাহারা ৪৫০ খৃষ্টাব্দে প্রথমতঃ তদ্দেশীয় মহাবীর হেঞ্জেষ্ট এবং হর্সা নামক দুই সহোদরের অধীনে এক দল সৈন্য প্রেরণ করেন। সাকসনেরা ঐ দুই সহোদরকে তাহাদিগের প্রধান দেবতা ওডেনের বংশাবতংস বলিয়া নিরূপণ করিত।

প্র। সাকসনেরা আসিয়া ঐ অত্যাচারী স্কটদিগকে ব্রিটেন হইতে দূর করিতে পারিয়াছিল?

উ। হাঁ পারিয়াছিল। কিন্তু স্কটদিগকে অন্তর্হিত করিবানন্তর তাহারা আপনারা ব্রিটেনের আধিপত্য গ্রহণ করণে ইচ্ছুক হইল এবং পুনর্ব্বার স্বদেশ হইতে অসংখ্য সৈন্য আনাইয়া ইংলণ্ড রাজ্য একেবারে অধিকার করণানন্তর তাহাকে সাত খণ্ডে বিভক্ত করিয়া এক এক খণ্ডের শাসনের জন্য এক একটি পৃথক রাজা নির্দ্দিষ্ট করিয়া দিল।

প্র। ব্রিটেনস্থ সকল লোকেই কি তাহাদিগের অধীন হইয়াছিল?

উ। না। অনেকে তাহাদিগের হস্ত হইতে নিস্তার পাই-বার জন্য পূর্ব্বতন কেম্ব্রিয়া অর্থাৎ আধুনিক ওএলস নামক স্থানে পলায়ন করিয়াছিল এবং তথায় গিয়া এক অনতিক্রম্য পর্ব্বতের আশ্রয়ে রক্ষা পাইয়া-ছিল।

প্র। গ্রেটব্রিটেনের কোন্ কোন্ অংশ সাকসনদিগের প্রতিষ্ঠিত সপ্ত রাজার অধীন হইয়াছিল?

উ। গ্রেট ব্রিটেনের যে অংশের নাম ইংলণ্ড সেই অংশই তাহাদিগের অধীন হইয়াছিল।

প্র। ঐ সাত জন রাজার মধ্যে কোন্ ব্যক্তি ইংলণ্ডের কোন জনপদের পত্তন করে?

উ। হেনজিষ্ট্ কেণ্ট নামক স্থানের পত্তন করেন, ইলা সসেক্সের পত্তন করে, সরডিক ওএসেক্স নামক স্থানের আরচেনউইন এসেক্স নামক স্থানের আইডা এবং এলা নরথম্বরলেণ্ড নামক স্থানের অফা ইষ্ট এঙ্গিলিয়া নামক স্থানের এবং ক্রিডা মর্সিয়া নামক স্থানের পত্তন করেন।

প্র। ব্রিটনদিগের মধ্যে কোন্ কোন্ প্রসিদ্ধ ব্যক্তি সাক্সন্দিগের প্রতিবাদী হয়।

উ। সুবিখ্যাত এম্ব্রোসিয়স এবং নামজাদ্ধ আরথর নৃপ-

তি। তন্মধ্যে নৃপতি আর্থর ৫৪২ খৃষ্টাব্দে যুদ্ধ-ক্ষেত্রে নিহত হয়েন;

প্র। সাকসনের নৃপতিরা কি বহু দিন পর্য্যন্ত একমত হইয়াছিল?

উ। না, অতি অল্প দিনের মধ্যেই আপন আপন অধিকার ও স্বত্ব লইয়া পূর্ব্বোল্লিখিত সাত জন রাজার মধ্যে পরস্পর বিষম বিবাদ উপস্থিত হইয়া বারম্বার সংগ্রাম হইতে লাগিল এবং অবশেষে ওএসেক্সের রাজা এগবর্ট সাত জনকেই পরাস্ত করিয়া ৮২৮ খৃষ্টাব্দে অর্থাৎ সাকসনদিগের প্রথম অধিকারের ৪০০ বৎসর পরে ওএনচেষ্টর নামক স্থানে আপনি ইংলণ্ডাধিপতি নাম ধারণ পূর্ব্বক রাজ্যাভিষিক্ত হন এবং সেই হইতে প্রকৃত রূপে ইংলণ্ড রাজ্যের আরম্ভ হয়।

নবমাধ্যায়।

ইংলণ্ডের রাজা বলি।

প্র। ইংলণ্ডে কত প্রকার রাজা হয়?

উ। সাকসন, দিনেমার, নরমান, প্লান্টিজিনেট, টিউডর, ষ্টুয়ার্ট, অরেঞ্জ এবং হেনোবর অথবা ব্রুন্সউইকের কতিপয় নৃপতি।

প্র। এই এক এক প্রকার জাতির মধ্যে কয় জন করিয়া রাজা হইয়াছিল ?

উ। ১৭ জন সাক্সন, তিন জন দিনেমার, ৪ চারি জন নরমান, ১৪ জন প্লান্টেজিনেট, ৫ পাঁচ জন টিউডর, ৬ জন স্টুয়ার্ট, ১ জন অরেঞ্জ এবং ব্রুন্সুইকের ছয় ব্যক্তি রাজা হইয়াছিল।

প্র। ইংলণ্ডে সর্ব্বাগ্রে কে রাজা হয় ?

উ। এগবর্ট। পূর্ব্বাধ্যায়ে ইহার নাম উল্লিখিত হইয়াছে।

প্র। এগবর্টের রাজত্ব কালে কাহারা আসিয়া ব্রিটেনের সমুদ্র তীরস্থ স্থান লুট করে ?

উ। দিনেমারেরা। কিন্তু তাহারা পুনঃ পুনঃ পরাভূত হইয়া যায়।

প্র। এগবর্টের পর কে রাজা হয় ?

উ। তাঁহার পুত্র এথেলউল্ফ। ৮৩৮ খ্রীষ্টাব্দে এই এথেলউল্ফের অধিকার সময়ে দিনেমারেরা বারংবার আসিয়া ইংলণ্ডের উপর অপ্রতিবন্ধকে দৌরাত্ম্য করে।

প্র। এথেলউল্ফ কতকাল রাজত্ব করে এবং কোন্ সময় তাহার মৃত্যু হয় ?

উ। সে কুড়ি বৎসর মাত্র রাজত্ব করে এবং ৮৫৭ খ্রীষ্টাব্দে তাহার মৃত্যু হয়।

প্র। এথেল উল্‌ফের রাজত্ব কালে এক্টলণ্ডের মধ্যে অন্য কি বিশেষ ঘটনা ঘটিয়াছিল ?

উ। এই সময় দক্ষিণ ব্রিটেন বাসীদিগের প্রবল শত্রু পিকট জাতিরা তাঁহাদিগের প্রতিবাসী এস্কটদিগের সহিত বারম্বার যুদ্ধ করিয়া একেবারে সমূলে নির্মূল হইয়া যায়।

প্র। পিকট নামক জাতিরা এস্কটলণ্ডের কোন দিকে বাস করিত ?

উ। এস্কটলণ্ডের প্রধান দুই ভাগ। এক ভাগের নাম উচ্চভূমি, অপর ভাগের নাম নিম্নভূমি। পিকট জাতিরা নিম্নভূমিতেই বাস করিত।

প্র। পূর্ব্বকালে এস্কটলণ্ডের উচ্চভূমিকে লোকে কি বলিয়া নির্দ্দেশ করিত ?

উ। কালিডোনিয়া। কিন্তু একসময় সমস্ত এস্কটলণ্ড কালিডোনিয়া নামে উক্ত হইত, তন্নিমিত্ত কোন কোন সময় সমুদায় এস্কটলণ্ডের মনুষ্যই কালিডোনিয়ান নামে নির্দ্দিষ্ট হয়।

প্র। এথেলউল্‌ফের পরে কে তৎপদে অভিষিক্ত হয়।

উ। তাহার দ্বিতীয় পুত্র এথেলবর্ট, পরে তদনুজ এথেলরেড এবং তদনন্তর সর্ব্বকনিষ্ঠ আলফ্রেড। ইহারা সকলেই পর্য্যায়ক্রমে পিতৃপদ প্রাপ্ত হইয়াছিল।

প্র। রাজার জ্যেষ্ঠ পুত্র এথেলবল্‌ডের কি হইল ?

উ। এথেলউল্ফ যৎকালে রোমদেশে ছিলেন সেই সময় তাঁহার জ্যেষ্ঠপুত্র পিতাকে সিংহাসনচ্যুত করিবার উদ্দেশে এক বিষম ষড়যন্ত্র করিয়া এমনি প্রবল দল সংগ্রহ করে, যে এথেলউলফ উপায়ান্তর প্রাপ্ত না হইয়া ইচ্ছা পূর্ব্বক তাহাকে ওএসেক্স রাজ্য অর্পণ করেন এবং আপনি কেবল কেন্টের অধিপতি হইয়া থাকেন।

প্র। এথেলবল্ড তাহার পিতার মৃত্যুর পূর্ব্বেই বা কত দিন রাজত্ব করে এবং পরেই বা কত দিন রাজা হইয়া থাকে?

উ। তাহার পিতার মৃত্যুর দুই বৎসর পূর্ব্বে রাজা হয় এবং মৃত্যুর পরে ২॥ সার্দ্ধ দ্বিবৎসর রাজত্ব করিয়া ৮৬০ খ্রীষ্টাব্দে লোকান্তর প্রাপ্ত হয়।

প্র। এথেলবর্টের রাজত্ব সময় কোন প্রকার বিশেষ ঘটনা ঘটিয়াছিল কি না?

উ। না, দিনামারদিগের উপদ্রব ভিন্ন আর কিছুই ঘটে নাই!

প্র। তিনি কতকাল রাজত্ব করেন এবং কখন তাঁহার মৃত্যু হয়?

উ। তিনি তাঁহার ভ্রাতার মৃত্যুর পর পাঁচ বৎসর রাজত্ব করেন এবং ৮৬৬ খৃষ্টাব্দে লোকান্তর প্রাপ্ত হন।

প্র। ১ম এথেলরেডের রাজত্ব সময়ে কি ঘটনা ঘটিয়াছিল?

উ। দিনামারেরা নর্থম্বরলেণ্ড ও ইংলণ্ডের অন্যান্য স্থান অধিকার করায় ইথেলরেড তাহাদিগের প্রতিবাদী হইয়া অনেক সংগ্রাম করেন কিন্তু ৮৭১ খৃষ্টাব্দে তাঁহার ষষ্ঠ বৎসর রাজত্বের সময় দুর্ভাগ্যবশতঃ উইটিংহেম নামক স্থানের নিকটের এক যুদ্ধে তিনি প্রতিপক্ষ কর্ত্তৃক সাংঘাতিকরূপে আহত হন। তাঁহার পর মহাপ্রভাব আলফ্রেড সিংহাসনারূঢ় হয়েন।

দশম অধ্যায়।

মহা প্রভাব আলফ্রেডের রাজত্ব।

প্র। আলফ্রেড কোন্ সময় ইংলণ্ডের রাজ্য অধিকার করেন?

উ। ৮৭২ খৃষ্টাব্দে। এই সময় দিনামারেরা তাঁহার অধিকারের অন্তঃপ্রবিষ্ট হইয়াছিল এবং সাগরতীরবর্ত্তী সমুদয় স্থান দিনামার সৈন্যে সঙ্কুল হইয়াছিল।

প্র। আলফ্রেডের সঙ্গে কি তাহাদিগের সংগ্রাম হইয়াছিল

উ। হাঁ, অনেকবার সংগ্রাম হইয়াছিল কিন্তু আলফ্রেড পরিণামে সর্ব্বতোভাবে পরাভূত হইয়া শত্রুদিগকে পরিত্যাগ পূর্ব্বক আত্ম রক্ষার নিমিত্ত পলায়ন পরায়ন হইয়াছিলেন।

প্র। আলফ্রেড কোথায় পলায়ন করিয়াছিলেন।

উ। টন্টন হইতে কিয়দ্দূর অন্তর সমরসেট সবের অন্তর্গত আথেলনি নামক ক্ষুদ্র উপদ্বীপে। শত্রুরা জয় লাভ মদে আলস্য তৎপর হইয়াছে, তিনি এই সম্বাদ প্রাপ্তি পর্য্যন্ত নিরন্তর ঐ স্থানেই ছিলেন।

প্র। এই সম্বাদ প্রাপ্ত হইয়া তিনি কি করিলেন।

উ। তিনি বীণকারের আকার ধারণ পূর্ব্বক ছদ্মবেশে শত্রুদিগের শিবির মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগের সমস্ত আচার ব্যবহার ভাব ভক্তি অবগত হইয়া আত্মীয় অমাত্যগণের নিকট প্রত্যাগমন পূর্ব্বক সৈন্য সংগ্রহ করিয়া প্রতিপক্ষদিগকে একেবারে পরাস্ত করিলেন।

প্র। তাঁহার হস্ত হইতে যাহারা রক্ষা পাইয়াছিল তাহাদিগের দশা পরিণামে কি হইল।

উ। তাহারা প্রথমতঃ গিয়া এক দুর্গ মধ্যে লুক্কায়িত ছিল, কিন্তু তাহাদিগকেও পরিণামে আলফ্রেডের শরণাগত হুইতে হইয়াছিল। তিনি কহিলেন যে তোমরা যদি তোমাদিগের দলপতি গথরামের সহিত খ্রীষ্টীয় ধর্ম্ম

অবলম্বন কর; তাহা হইলে আমি তোমাদিগের অপরাধ ক্ষমা করিতে পারি! তাহারাও এই প্রস্তাবে সম্মত হওয়ায় রাজা আল্‌ফ্রেড গথরামকে আঙ্গিলিয়ার পূর্ব্বভাগ ও নর্থম্বরলেণ্ডের অধিকার প্রদান করিলেন।

প্র। আলফ্রেড এই রূপে জয়ী হইয়া কি করিলেন?

উ। তিনি পুনর্ব্বার সিংহাসনরূঢ় হইয়া সকল লোকের প্রীতি ভাজন ও আনন্দ বর্দ্ধন হইয়া পরম সুখে প্রজাপালন করিতে লাগিলেন।

প্র। দিনামারদিগের জয় করা ব্যতীত আলফ্রেড আর কি কি বিশেষ কার্য্য করেন?

উ। তিনি অক্‌সফোর্ডে বিশ্ববিদ্যালয় স্থাপিত করেন ইংলণ্ড রাজ্যকে এক একটি জেলা, চাকলা ও পরগণায় বিভক্ত করেন, স্বদেশ রক্ষার্থে স্বজাতীয় সেনা সংস্থান করেন বিদ্যা ও বিদ্বান লোকদিগের প্রতি বিশেষ উৎসাহ প্রদান করেন। এক্ষণকার মত ঘটিকা যন্ত্র না থাকাতে বাতি জ্বালিয়া দিবসের কালনিরূপণ ও কালের পরিমাণ করিবার সংকেত প্রকাশ করেন এবং জলপথে যুদ্ধ করিবার উৎকৃষ্ট পদ্ধতি প্রকাশ করেন।

প্র। আলফ্রেড কতকাল রাজত্ব করেন?

উ। ২৯ বৎসরের কিছু অধিক এবং ৯০১ খ্রীষ্টাব্দের

২৫ সে অক্টোবরে অক্সফোর্ডে তাঁহার মৃত্যু হয়।

একাদশ অধ্যায়।

প্রাচীন এডওয়ার্ড আথেলষ্টন, এডমণ্ড, এডরেড এবং এডউইব রাজত্ব।

প্র। আলফ্রেডের পর কে রাজা হয়?

উ। তাঁহার জ্যেষ্ঠ পুত্র এডওয়ার্ড এই এডওয়ার্ড দিনামার দিগের সহিত ঘোরতর সংগ্রাম করিয়া তাহাদিগকে সম্পূর্ণ রূপে পরাভূত করেন, ও ওএল্‌চ দিগের প্রতি আক্রমণপূর্ব্বক যুদ্ধ করিয়া জয়ী হয়েন এবং ওএল্‌সের রাজা রিজ অব মেডককে তাঁহার সহিত সন্ধি করিয়া তাঁহার প্রস্তাবিত নির্দ্দিষ্ট করপ্রদানে স্বীকৃত করেন।

প্র। তিনি কতদিন রাজত্ব করেন কোন্ সময় মরেন এবং কোন্ স্থানে তাঁহার গোর হয়?

উ। তিনি ২৪ বৎসর রাজত্ব করিয়া ৯২৫ খৃষ্টাব্দে মানবলীলা সম্বরণ করেন এবং উইনচেষ্টর নামক স্থানে তাঁহার গোর হয়। তাঁহার পর তৎপুত্র আথেলষ্টন সেই পদে অভিষিক্ত হয়।

প্র। আথেলষ্টন কি কোন অসাধারণ কার্য্য সাধন করিয়াছিলেন?

উ। হাঁ করিয়াছিলেন তিনি নর্থম্বরলেণ্ডে দিনেমারদি-গকে পরাভূত করিয়া লোকসমাজে অত্যন্ত প্রতাপা-ন্বিত হইয়া নিষ্কণ্টকে ও নিরুপদ্রবে রাজত্ব করেন। ৯৪১ খৃষ্টাব্দে তাঁহার লোকান্তর প্রাপ্তি হয় এবং তাঁহার অর্দ্ধভ্রাতা এডমণ্ড ১ ম তাঁহার উত্তরাধিকারী হইয়া সেই পদ প্রাপ্ত হয়।

প্র। এডমণ্ডের রাজত্ব কালে কি কি ঘটনা ঘটে?

উ। তাঁহার রাজত্ব কালে দিনেমারেরা পুনর্ব্বার নর্থম্বর-লণ্ড, কম্বরলণ্ড, ও মর্শিয়া নামক স্থান অধিকার করে, কিন্তু এডমণ্ড আবার এসকল স্থানই তাহাদিগের হস্ত হইতে উদ্ধার করেন।

প্র। কি প্রকারে এডমণ্ডের মৃত্যু হয়?

উ। তিনি একদা লিয়ল্‌ফ নামক একজন দস্যুর প্রতি নির্ব্বাসন দণ্ডের অনুমতি প্রদান করেন। অনন্তর কোন সময় তিনি গ্লাউষ্টর নামকস্থানে কোন উৎসব উপলক্ষে গমন করিলে সেই দস্যু তাঁহাকে ঐ স্থানে অস্ত্রাঘাতে নষ্ট করে। তাঁহার পর তাঁহার ভ্রাতা এডরেড রাজা হয়।

প্র। ইহার রাজত্বের সময়ে কি বিশেষ ঘটনা ঘটে?

উ। ইংলণ্ডের সিংহাসনে কোন নূতন রাজা অভিষিক্ত হইলে দিনামারদিগের যেরূপ দৌরাত্ম্য করিবার রীতি দেখা যায়, সেই রীত্যনুসারে ইহাঁর আমলে-

ও তাহারা পুনর্ব্বার অত্যাচার করিতে প্রবৃত্ত হয় এবং এক্কটলণ্ডের রাজা মালকম তাহাদিগের পক্ষ হয়েন; কিন্তু এডরেড প্রবল পরাক্রম পূর্ব্বক তাহাদিগের প্রতিবাদী হওয়াতে মালকমকে অনতি-বিলম্বেই এডরেডের সহিত সন্ধি প্রার্থনা করিতে হইল এবং ইংলণ্ডের মধ্যে তাঁহার যে কিঞ্চিৎ ভূম্যা-ধিকার ছিল, তন্নিমিত্ত পুনর্ব্বার ইংলণ্ডাধিপতির নিকট বিশেষ রূপে বিনয় প্রকাশ করিতে হইল।

প্র। তিনি কতদিন রাজ্য শাসন করেন?

উ। তিনি ৯ বৎসর রাজত্ব করিয়া ৯৫৫ খ্রীষ্টাব্দে পর-লোক গমন করেন। তাঁহার পর এডমণ্ডের পুত্র এড-উই রাজপদ প্রাপ্ত হন।

প্র। এডউইর অধিকার সময়ে কি কি বিশেষ ব্যাপার সংঘটিত হয়?

উ। এডউইর রাজত্ব কালে দনস্তান নামক একজন মহাপুরুষাভিমানী দাম্ভিক মঠধারী এক প্রবল রাজ-বিদ্রোহ উপস্থিত করায় এডউইকে তাহার ভ্রাতা এডগারের সহিত আপন অধিকার অংশ করিয়া লইতে হইয়াছিল। তিনি চারিবৎসর মাত্র রাজত্ব করিয়া লোকান্তর গমন করেন এবং উইনচেষ্টর নামকস্থানে তাঁহার গোর হয়।

দ্বাদশ অধ্যায়।

এডগার, এডওয়ার্ড মার্টার*, এথেলরেড, এবং এডমণ্ড আয়রন সাইডের রাজত্ব।

প্র। এডউইর মৃত্যুর পর কে তাঁহার পদ প্রাপ্ত হয়?

উ। ৯৫৯ খৃষ্টাব্দে তাঁহার ভ্রাতা এডগার তাঁহার পদে অভিষিক্ত হয়। ইহার রাজ্যে কোন উপদ্রব ও উৎপাত ছিল না, কখন কোন প্রকারে যুদ্ধ বিগ্রহ উপস্থিত হয় নাই। তিনি দনস্থান এবং তত্তুল্য অপরাপর প্রবল শস্ত্রধারিদিগের সহিত সদ্ভাব রক্ষা করাতে এবং জল স্থল উভয় প্রকারের যুদ্ধ সরঞ্জাম প্রস্তুত রাখাতে কেহই আর তাঁহাকে আক্রমণ করিতে সাহসী হইতে পারে নাই।

প্র। তিনি কোন্ কোন্ বিষয়ে জয়লাভ করেন?

উ। তাঁহার নামের প্রতাপে ওএল্‌স্, আয়রলণ্ড এবং মনবপোদ্বীপের, নৃপতিরা সকলেই তাঁহার অধীন হইয়াছিল।

প্র। তাঁহার অধিকার সময়ে কোন্ হিংস্রজন্তু আসিয়া ইংলণ্ডের উপর অত্যন্ত উৎপাত করে এবং তিনি কি প্রকার উপায় দ্বারাই বা সেই সকল জন্তু বধ করেন?

* যে ব্যক্তি ধর্ম্মের নিমিত্ত প্রাণ দান করে ইংরাজি ভাষায় তাহাকে মার্টার বলে।

উ। তাঁহার রাজত্ব কালে ইংলণ্ডে গো ব্যাঘ্রের বড দৌরাত্ম্য হয় এবং তিনি সেই দৌরাত্ম্য কারি জন্তু সকল একেবারে নির্মূলিত করিবার উদ্দেশে ওএলসের প্রজাদিগের উপর এই অনুমতি প্রচার করেন যে তাহারা প্রতি বৎসর যত টাকা করিয়া কর প্রদান করিয়া থাকে, টাকার পরিবর্ত্তে এক্ষণে তত টা করিয়া গো ব্যাঘ্রের মস্তক দিলেই তাহাদিগের রাজকর পরিশোধ হইবে। এই নিয়ম নির্দ্ধারিত হওয়াতে অল্পদিনের মধ্যেই ইংলণ্ডের মধ্যে আর একটিও গো ব্যাঘ্র রহিল না। কখন কখন ভিন্নস্থান হইতে কেহ দুইএকটি লইয়া গেলেই উক্ত জন্তু দেখিতে পাওয়া যাইত।

প্র। এডগার আর কি কি বিশেষ কার্য্য করেন?

উ। তিনি স্বরাজের মধ্যে ভিন্নস্থানের প্রজা পত্তন বিষয়ে বিস্তর উৎসাহ প্রদান করেন। তিনি ষোলবৎসর রাজত্ব করিয়া ৯৭৫ খৃষ্টাব্দে ৩১ বৎসর বয়ক্রমে লোকান্তর গমন করেন এবং গ্লষ্টনবেরি নামক স্থানে তাঁহার গোর হয়।

প্র। তাঁহার পর কে রাজা হয়?

উ। তাঁহার পুত্র এডওয়ার্ড মার্টর। ইনি সার্দ্ধ তিন বৎসর রাজত্ব করিলে পর ইহাঁর শত্রু এলফ্রিডার কুমন্ত্রণায় ইহাঁকে হত্যা করে।

প্র। এডওয়ার্ডের পর কে রাজা হয় ?

উ। তাঁহার বৈমাত্র ভ্রাতা দ্বিতীয় এথেলরেড।

প্র। ইঁহার রাজ্যে কি কি বিশেষ ঘটনা সংঘটিত হয় ?

উ। ইঁহার অধিকার কালে পুনর্ব্বার দিনেমারেরা ইংলণ্ড আক্রমণ করে। তাহারা ৯৮১ খৃষ্টাব্দে প্রথমতঃ সাউথহাম্পটন নামক স্থানে অবতরণ করিয়া ক্রমাগত দশবৎসর দেশ, গ্রাম, লুণ্ঠন করে, গৃহ সকল অগ্নিসাৎ করে, বহুসংখ্যক মনুষের প্রাণ নষ্ট করে এবং প্রজালোককে নানা প্রকার দুঃখ দেয়।

প্র। দিনামারদিগের দৌরাত্ম্য নিবারণের নিমিত্ত এথেলরেড কি উপায় অবলম্বন করিয়াছিলেন ?

উ। তিনি তাহাদিগকে অর্থ প্রদান করিয়া ক্ষান্ত করিয়াছিলেন এবং নরমেণ্ডির দ্বিতীয় ডিউক রিচার্ডের ভগিনী এমার পাণি গ্রহণ করিয়া তাহার সহিত সৌহার্দ্দ সঞ্চার করেন।

প্র। দিনামারদিগের উৎপাত হইতে একেবারে মুক্ত হইবার জন্য এথেলরেড কি নিষ্ঠুর কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন ?

উ। পূর্ব্বাংশ এঙ্গলিয়া ও মর্শিয়া ভিন্ন ইংলণ্ডের যে স্থানে যত দিনামার বাস করিত ১০০২ খৃষ্টাব্দের ১৩ নবেম্বর সেন্ট ব্রাইশ নামক পর্ব্বদিবসে। এথেলরেড একেবারে তাহাদের সকলেরই প্রাণ দণ্ড করেণ।

প্র। ডেনমার্কের রাজা সিউইন এই ভয়ঙ্কর হত্যাব্যাপা-
রের সম্বাদ পাইয়া কি করিলেন?

উ। তিনি শ্রবণ মাত্রেই প্রতিজ্ঞা করিলেন, "যে আমি এই ভয়ঙ্কর কুক্রিয়ায় প্রতি ফল না দিয়া কোন মতেই নিরস্ত হইব না" এবং তিনি তদনুসারেই ধন হরণ ও রাজ্যাধিকার করণের দিকে মন না দিয়া কেবল অগ্নি দাহে ও অস্ত্র মুখে ইংলণ্ডকে একেবারে উচ্ছিন্ন করিবার উদ্দেশে অবিলম্বেই দুইশত রণতরি প্রস্তুত করিয়া সুসজ্জিত হইলেন।

প্র। পরিণামে কি হইল?

উ। সিউইন সত্বরেই ইংলণ্ডে উপস্থিত হইয়া বিস্তর দৌরাত্ম্য প্রকাশ করিয়া ইংরাজদিগের অনেক প্রকার অনিষ্ট সাধন করিলেন তাহাদিগের নিকট বলপূর্ব্বক বিস্তর অর্থ গ্রহণ করিলেন, এবং বারম্বার যুদ্ধের পর অবশেষে এথেলরেড তাঁহার নিকট পরাস্ত হইয়া স্বীয় শ্যালক রিচার্ডের নিকট গিয়া পলাইয়া রহিলেন।

প্র। এথেলরেড কি তাহার পর আর কখন ইংলণ্ডে প্রত্যাগমন করিয়াছিল?

উ। অবিলম্বেই সিউইনের মৃত্যু হওয়াতে ইংলণ্ডের প্রধান প্রধান লোকেরা এথেলরেডকে প্রত্যাগমন করিবার জন্য আহ্বান করিয়া পাঠাইলেন কিন্তু তিনি

পুনরাগমন করিয়া বিস্তরদিন রাজত্ব করিতে পান নাই, কারণ সিউইনের উত্তরাধিকারী কেনিউট শীঘ্রই আবার পূর্ব্ব পূর্ব্ব শত্রুদিগের ন্যায় প্রবল হইয়া উঠিল।

প্র। এথেলরেড সর্ব্বশুদ্ধ কতদিন রাজত্ব করেন?

উ। তিনি ৩৭ বৎসর রাজত্ব করিয়া ১০১৬ খ্রীষ্টাব্দে পরলোক প্রাপ্ত হন্ এবং তাঁহার পর তৎপুত্র এডমণ্ড সেই পদে অভিষিক্ত হয়েন। এডমণ্ডের অসাধারণ শৌর্য্য বীর্য্য সন্দর্শন করিয়া লোকে তাঁহাকে এডমণ্ড "আয়ারণ সাইড" (অর্থাৎ অস্ত্রপ্রিয়) বলিয়া নির্দ্দেশ করিত।

প্র। ইহাঁর অধিকার সময়ে কি কি অসাধারণ ব্যাপার সংঘটিত হয়।

উ। দিনেমারদিগের রাজা কেনিউটের সঙ্গে ইংরাজদিগের অনেক বার সঙ্গ্রাম হয়। অনন্তর, কেনিউট ইংলণ্ড রাজ্য বিভক্ত করিয়া লইয়া যুদ্ধে ক্ষান্ত হয়েন।

প্র। এডমণ্ডের কিরূপ চরিত্র ছিল?

উ। তিনি অত্যন্ত সাহসী, বীর্য্যবন্ত, ধৈর্য্যশীল, ব্যবহার প্রাজ্ঞ ও উদার স্বভাব ছিলেন।

প্র। কি প্রকারে তাঁহার মৃত্যু হয় কোন্ স্থানেইবা তাঁহার গোর হয়?

উ। তিনি অত্যল্পকাল রাজত্ব করিলে পর অকস্‌ফোর্ড

নামক স্থানে কতকগুলি ধূর্ত্তলোক বিশ্বাস ঘাতকতা করিয়া তাঁহাকে হত্যা করে এবং গ্লাশটনবেরি নামক স্থানে তাঁহার গোর হয়। এই ঘটনা সূত্রেই দিনেমার কেনিউট গিয়া একেবারে ইংলণ্ডের সিংহাসন অধিকার করে।

প্র। সাক্‌সন অধিকার কতদিন স্থায়ী হয়?

উ। এগবর্টের অধিকার অবধি গণনা করিলে একশত নব্বই বৎসর, সপ্ত রাজার আরম্ভ অবধি ৪৩২ বৎসর এবং হেঞ্জিষ্টদিগের আগমনাবধি গণনা করিলে ৫৬৮ বৎসর পর্য্যন্ত স্থায়ী হয়।

ত্রয়োদশ অধ্যায়।

ইংলণ্ডে দিনেমারদিগের অধিকার।

প্র। কোন্‌ কোন্‌ দিনেমার রাজা ইংলণ্ডে রাজত্ব করেন?

উ। ১ কেনিউট। ২ হেরল্ড। ৩ হার্ডিকেনিউট।

প্র। এডমণ্ড আয়ারণ সাইডের পর কে রাজা হয়?

উ। প্রধান কেনিউট। ইনি ১০১৭ খৃষ্টাব্দে আপনাকে ইংলণ্ডেশ্বর নামে বিখ্যাত করেন, সমস্ত ইংলণ্ড রাজ্যকে মর্শিয়া, নর্থম্বরলেণ্ড, পূর্ব্বাংশ এঙ্গিলিয়া এবং ওএসেক্স এই চারিখণ্ডে বিভক্ত করেন এবং

রাজ্যের ইতর ভদ্র সকল লোককেই এক প্রকার নিয়মের অধীন করিয়া শাসন করিয়াছিলেন

প্র। কেনিউটের কি অসাধারন উপাখ্যান গ্রন্থাদিতে বর্ণিত আছে ?

উ। কতকগুলি চাটুকার পারিসদ্ কেনিউটকে জগদীশ্বরের সঙ্গে তুলনা করিয়া সর্ব্বদা তোষামোদ করিত। কেনিউট ইহাতে অত্যন্ত বিরক্ত হইয়া সেই অসঙ্গত চাটুকারদিগের মূর্খতা ও অপরাধ বুঝাইয়াদিবার নিমিত্ত একদা সমুদ্র তটে ভ্রমন করিতে করিতে জোয়ার আসিবার সময় তথায় উপবিষ্ট হইবার জন্য আসন প্রদানের অনুমতি করিলেন এবং আপনি তদুপরি আসীন হইয়া সমুদ্রকে সম্বোধন পূর্ব্বক কহিলেন "হে সমুদ্র ! তুমি আমার অধিকারস্থ, আমি আজ্ঞা করিতেছি, তুমি আর অধিক দূর আগমন করিও না এবং তোমার রাজার পদ জলসিক্ত করিতেও সাহসী হইও না"।

প্র। কেনিউট এই প্রকার আজ্ঞা করিলে কি হইল ?

উ। জোয়ারেতে সমুদ্রের জল যে প্রকার বৃদ্ধি পাইয়া থাকে ক্রমাগত সেই রূপ বৃদ্ধি পাইতে লাগিল এবং তদুপলক্ষে রাজা সেই অজ্ঞান চাটুকারদিগকে দেখাইলেন যে তাহারা মিথ্যা করিয়া তাঁহার সন্তোষ সাধনের জন্য তাঁহাকে যে নামে সম্ভাষণ করে, সমস্ত

চরাচরের কর্ত্তা ও নিয়ন্তা একমাত্র জগদীশ্বর ভিন্ন আর কেহই সেই মহান নামের যোগ্য নহে। কথিত আছে, যে ইহার পর কেনিউট আর কখনই আপন মস্তকে রাজ মুকুট ধারণ করেন নাই। মুকুট লইয়া ওএনচেষ্টর নামক স্থানে একজন ক্রুশাহত মনুষ্যের মস্তকে অর্পণ করিয়াছিলেন।

প্র। কেনিউট কতকাল রাজত্ব করেন?

উ। অষ্টাদশ বৎসর। তিনি ১০৩৫ খৃষ্টাব্দে নরওএর অধিপতি সিউহন ইংলণ্ডের অধিপতি হেরল্ড এবং ডেনমার্কের অধিপতি হার্ডিকেনিউট এই তিন পুত্র রাখিয়া ইহ লোক হইতে অবসৃত হয়েন।

প্র। হেরল্ডের অধিকারে কি কি বিশেষ ব্যাপার সংঘটিত হয়?

উ। কোন বিশেষ ব্যাপারই সংঘটিত হয় নাই। তিনি নিঃসন্তান ছিলেন এবং ১০৩৯ খ্রীষ্টাব্দে তাঁহার চতুর্থ বৎসর রাজত্বের সময় ইহ লোক হইতে অবসৃত হয়েন। তাহার পর তাঁহার ভ্রাতা হার্ডিকেনিউট সেই পদে অভিষিক্ত হয়েন।

চতুর্দশ অধ্যায়।

হার্ডি কেনিউটের রাজত্ব।

প্র। হার্ডিকেনিউটের রাজত্বকালে কি কি ঘটনা সংঘটিত হয়?

উ। তিনি পঞ্চাশ খান দিনেমার রনতরি সঙ্গে লইয়া ইংলণ্ডে আসিয়া অবিলম্বেই রাজ্যাভিষিক্ত হয়েন এবং তিনি যে সকল রনতরি পুনর্ব্বার ফিরিয়া পাঠাইয়া দেন তাহার ব্যয় নির্ব্বাহার্থে ইংলণ্ড বাসী প্রজাদিগের নিকট হইতে বিস্তর কর সংগ্রহ করেন॥

প্র। সকল প্রজাই কি সহজে এই কর প্রদান করিতে সম্মত হইয়াছিল ?

উ। না, ওয়ারেষ্টরের প্রজারা ইহাতে ভয়ানক আপত্তি উপস্থিত করিয়াছিল এবং তাহারা করগ্রহণার্থ নিযুক্ত ব্যক্তিদিগের মধ্যে দুই জনকে হত্যা করিয়া ছিল। ইহাতে রাজা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহাদিগের শাসনের জন্য ওএসেকস এবং মর্শিয়ার দুই জন ডিউককে ও নরর্থনম্বর লের্ডের আরলকে সসৈন্য প্রেরণ করাতে তাহারা গমন করিয়া উপর্য্যুপরি চারি দিন ঐ স্থান লুট পাট করে এবং অবশেষে তাহা অগ্নিসাৎ করিয়া উচ্ছিন্ন করিয়া আইসে।

প্র। হার্ডিকেনিউট কি প্রকার চরিত্রের মনুষ্য ছিলেন এবং তিনি কতকাল রাজত্ব করেন ?

উ। তিনি অত্যন্ত নিষ্ঠুর এবং পরদ্বেষী ছিলেন এবং তাঁহার ভয়ানক পান দোষ এবং বিজাতীয় অমিতাচারের জন্য লোকে তাঁহার অত্যন্ত অপ্রশংসা করিত। তিনি একদা লেমবেথ নামক স্থানে এক জন

প্রধান দিনমারের বিবাহোপলক্ষে উন্মত্ত হইয়া অতিরিক্ত মদ্য পান করিতে ছিলেন, এমন সময় হঠাৎ তাঁহার মৃত্যু হইল।

প্র। তাঁহার মৃত্যু ঘটনায় ইংরেজেরা কিপ্রকার ব্যবহার করিয়াছিল?

উ। তাহারা অত্যন্ত আহ্লাদ প্রকাশ করিয়াছিল এবং তাহার পর উপর্য্যুপরি কএক শতাব্দী তাঁহার ঐ মৃত্যু দিবস ৮ জুনকে তাহারা অকটাইড নামক পর্ব্বদিনে আখ্যাত করিয়া সেই দিনে বিশেষ উৎসব করিত।

প্র। কোন্ শকে তাঁহার মৃত্যু হয়?

উ। ১০৪১ খৃষ্টীয় শকে তাঁহার দ্বিতীয় বৎসর রাজত্বের সময়। ইহার মৃত্যু অবধিই ইংলণ্ডে দিনামার অধিকারের শেষ হয়। দিনেমারেরা ইংলণ্ডে সর্ব্বশুদ্ধ ২৬ ষড় বিংশতি বৎসর রাজত্ব করে কিন্তু প্রায় ২৫০ সার্দ্ধ দ্বিশত বৎসর পর্য্যন্ত তাহারা ইংলণ্ড রাজ্যে দৌরাত্ম্য করিয়া তাহার নানাপ্রকার অনিষ্ট সাধন করে।

পঞ্চদশ অধ্যায়।

সাক্‌সনদিগের পুনরধিকার। এড্‌ওয়ার্ড * কান্‌ফেশর এবং দ্বিতীয় হেরল্‌ডের রাজত্ব।

প্র। হার্ডিকেনিউটের পর কে রাজা হয়?

উ। এথেলরেড্‌ এবং এমার পুত্র এড্‌ওয়ার্ড কান্‌ফেশর। ইনি বহুকাল নরমেণ্ডিতে ক্ষেপণ করেন।

প্র। এড্‌ওয়ার্ডের রাজত্ব কালে কি কি ঘটনা ঘটে?

উ। ঐ দেশস্থ প্রজাদিগের নিকট হইতে দিনেমারেরা দৌরাত্ম্যের ভয়প্রদর্শন করিয়া ক্রমাগত ৩০ বৎসর পর্যান্ত ডেন্‌জেল্‌ট নামে যে চারি লক্ষ টাকা বার্ষিক কর গ্রহণ করিত, এডয়ার্ড রাজা হইয়া সেই কর উঠাইয়া দিলেন।

প্র। তিনি কাহাকে বিবাহ করেন?

উ। সাক্‌সন বংশীয় আরল অফ গাডউইন নামক এক জন ভদ্র লোকের কন্যাকে।

প্র। এতদ্ভিন্ন তাঁহার রাজ্যে আর আর কি কি বিশেষ ব্যাপার সংঘটিত হয়?

উ। তিনি ওএষ্টমিনিষ্টর নামক প্রসিদ্ধ প্রাসাদ নির্ম্মাণ করেন, সাক্‌সনদিগের সমস্ত আচার ব্যবহার ও নিয়মাবলি একত্রে সংগ্রহ করিয়া স্বনামে প্রচারিত

---

* এডয়ার্ড ধর্ম্মশীল ছিলেন বলিয়া ইংলণ্ডের লোকে তাঁহাকে কনফেশর নামে উক্ত করিত।

করেন এবং রাজাদিগের মধ্যে সর্ব্বাগ্রে তিনিই গণ্ড-মালা রোগস্পর্শ করিয়া ভাল করেন।

প্র। তাঁহার পরে কে অধিকার করে?

উ। আর্ল অব্ গাড্উইনের পুত্র দ্বিতীয় হেরল্ড। ইনি সর্ব্বপ্রকারেই রাজগুণসম্পন্ন ও রাজবংশাক্রান্ত ছিলেন।

প্র। ইঁহার রাজ্যে কি কি ঘটনা ঘটে?

উ। ইঁহারই রাজত্ব কালে জয়লব্ধ উইলিয়মের আজ্ঞা-ক্রমে নরমেন জাতিরা ইংলণ্ড আক্রমণ করে এবং উইলিয়ম্, হেষ্টিংসের প্রসিদ্ধ যুদ্ধে জয়ী হইয়াই রাজসিংহাসন অধিকার করেন। এই যুদ্ধে হেরল্ড নিহত হয়েন।

প্র। উইলিএম, নরমেণ্ডি হইতে যাত্রা করিয়া প্রথমতঃ কোথায় আসিয়া সসৈন্যে উত্তীর্ণ হয়েন?

উ। ১০৬৬ খৃষ্টাব্দের ২৯ সেপ্টেম্বর দিবসে সসেক্সের অন্তর্গত পেবেন্‌শী নামক স্থানে। সেই স্থান হইতে সমুদ্রের তীর দিয়া তিনি সসৈন্য সামন্ত লইয়া একেবারে হেষ্টিংস নামক স্থানে যাত্রা করেন এবং তথায় উপস্থিত হইয়া ১৪ অকটোবর দিবসে উল্লিখিত যুদ্ধ আরম্ভ করেন। এই স্থানেই প্রতাপান্বিত ও বীর্য্যবন্ত হেরল্ড ৯ মাস ৯ দিন রাজ্য সম্ভোগের পর রণক্ষেত্রে তনুত্যাগ করিয়াছিলেন। ৬০০ দ-

বৎসর পূর্ব্বে হেঞ্জিষ্ট হইতে ইংলণ্ড রাজ্যে যে এঙ্গ-লো সাক্সনদিগের সাম্রাজ্যের সূত্রপাত হয়, ইহার সঙ্গেই তাহার শেষ হইয়া যায়।

রাজাবলি

উইলিএমের জয়লাভ অবধি ইংলণ্ডে যে সকল রাজাব ও রাজ্ঞীর অধিকার হয় তাহার বিবরণ।

নরমেন বংশ

১ ম উইলিমএম।

১০৬৬ শক হইতে ১০৮৭ শক পর্য্যন্ত রাজত্ব করেন

২ য় উইলিএম।

১০৮৭ অবধি ১১০০ পর্য্যন্ত।

১ ম হেনেরি।

১১০০ অবধি ১১৩৫ পর্য্যন্ত।

হাউশ অব্ ব্লয়।

ইষ্টিবেন ১১৩৫ অবধি ১১৫৪ পর্য্যন্ত।

প্লান্টিজেনেট।

হেনরি ২ য় ১১৫৪ অবধি ১১৮৯ পর্য্যন্ত।

রিচার্ড ১ ম। ১১৮৯ অবধি ১১৯৯ পর্য্যন্ত।

জন। ১১৯৯ অবধি ১২১৬ পর্য্যন্ত।

হেনরি ৩ য়। ১২১৬ অবধি ১২৭২ পর্য্যন্ত।

এড্ওয়ার্ড ১ ম। ১২৭২ অবধি ১৩০৭ পর্য্যন্ত।

এডওয়ার্ড ২ য়। ১৩০৭ অবধি ১৩২৬ পর্য্যন্ত।

এডওয়ার্ড ৩ য়। ১৩২৬ অবধি ১৩৭৭ পর্য্যন্ত।

রিচার্ড ২ য়। ১৩৭৭ অবধি ১৩৯৯ পর্য্যন্ত।

হাউস অব লাঙ্কেষ্টর।

হেনেরি ৪ র্থ। ১৩৯৯। ১৪১২।

হেনেরি ৫ ম। ১৪১২ অবধি ১৪২২।

হেনেরি ৬ ষ্ঠ। ১৪২২ অবধি ১৪৬১।

হাউস অব ইয়র্ক।

এডওয়ার্ড ৪ র্থ। ১৪৬১ অবধি ১৪৮৩।

এডওয়ার্ড ৫ ম। ১৪৮৩।

রিচার্ড ৩ য়। ১৪৮৩ অবধি ১৪৮৫।

হাউস অব টীউডর।

হেনেরি ৭ ম। ১৪৮৫ অবধি ১৫০৯।

হেনেরি ৮ ম। ১৫০৯ অবধি ১৫৪৭।

এডওয়ার্ড ৬ ষ্ঠ। ১৫৪৭ অবধি ১৫৫৩।

মেরি। ১৫৫৩ অবধি ১৫৫৮।

এলিজেবেথ। ১৫৫৮ অবধি ১৬০২।

হাউস অব ষ্টুয়ার্ট।

জেম্‌স ১ ম। ১৬০২ অবধি ১৬২৫।

চার্লস্‌ ১ ম। ১৬২৫ অবধি ১৬৪৮।

(সাধারণ তন্ত্র।)

চারলস্‌ ২ য়। ১৬৬০ অবধি ১৬৮৫ পর্য্যন্ত।

জেম্‌স ২য়। ১৬৮৫ অবধি ১৬৮৮ পর্য্যন্ত।

এই শকে রাজবিপ্লব হয়। তদনন্তর উইলিএম ৩য়।

১৬৮৮ অবধি ১৭০২ পর্য্যন্ত।

য্যান ১৭০২ অবধি ১৭১৪ পর্য্যন্ত।

হাউস অব ব্রণস্‌উইক অথবা হানোবার

জর্জ ১ ম। ১৭১৪ অবধি ১৭৫২ পর্য্যন্ত।

জর্জ ২ য়। ১৭২৭ অবধি ১৭৬০ পর্য্যন্ত।

জর্জ ৩ য়। ১৭৬০ অবধি ১৮২০ পর্য্যন্ত।

জর্জ ৪ র্থ। ১৮২০ অবধি ১৮৩০ পর্য্যন্ত।

উইলিএম ৪ র্থ। ১৮৩০ অবধি ১৮৩৭ পর্য্যন্ত।

তদনন্তর মহারাণী বিক্‌টোরিয়া।

১৮৩৭ অবধি

প্র। নরমেন বংশের অর্থ কি ?

উ। জয়লব্ধ উইলিএম ফ্রান্‌সের অন্তর্গত নরমেণ্ডী হইতে আগমন করেন। এই জন্য তাঁহার বংশের নাম নরমেন বংশ।

প্র। হাউস অব ব্লয় নামের মূল কি ?

উ। জয়লব্ধ উইলিএমের সপ্তম কন্যা এডিলার সহিত ফ্রান্‌সান্তর্গত ব্লয় নামক স্থানের কাউন্টের সহিত বিবাহ হওয়াতে তদবধিই হাউস অব ব্লয় নামের উৎপত্তি হয়।

প্র। কোন অবধি প্লান্টিজিনেট বংশের আরম্ভ ?

উ। দ্বিতীয় হেনেরি অবধি। ইনি প্রথম হেনেরির দ্বিতীয়া কন্যা মেটিলডার গর্ভে ও ফ্রান্সান্তর্গত আঞ্জু নামক স্থানের ডিউক জেয়ফিরি প্লান্টিজিনেটর ঔরসে জন্ম গ্রহণ করেন বলিয়া ইঁহার বংশের নাম প্লান্টিজি-নেট বলিয়া উক্ত হয়।

প্র। কোন অবধি লাঙ্কেষ্টর-বংশের আরম্ভ?

উ। লাঙ্কেষ্টরের ডিউক জনের পুত্র চতুর্থ হেনিরি অবধি। জন তৃতীয় এডওয়ার্ডের পঞ্চম পুত্র।

প্র। কোন অবধি হাউস অব ইয়র্ক নামের আরম্ভ হয়?

উ। ইয়র্কের ডিউক রিচার্ডের পুত্র চতুর্থ এডওয়ার্ড অবধি।

প্র। হাউস অব টীউডর নামের মূল কি?

উ মারগ্রেটের গর্ভ এবং এডমণ্ড টীউডরের ঔরসজাত সপ্তম হেনেরি অবধিই হাউস অব টিউডর নামের আরম্ভ হয়। লাঙ্কেস্টরের ডিউক জনের বংশে মার-গ্রেটের জন্ম, প্রথমে তাঁহার সহিত পঞ্চম হেনিরির বিবাহ হয়। অনন্তর তাঁহার বৈধব্য হইলে ওএন টিউডরের পুত্র এডমণ্ড টিউডর তাঁহার পাণি গ্রহণ করেন।

প্র। কাহা হইতে হাউস অব ষ্টুয়ার্টের উৎপত্তি।

উ। স্কটলণ্ডের মহারাণী মেরি এবং ডার্ণলি নামক স্থানের আরল্ হেনিরি ষ্টুয়ার্টের পুত্র প্রথম জেমস্ হইতে

হাউস অব ষ্টুয়ার্টের উৎপত্তি হয়।

প্র। হাউস অব ব্রন্স উইক কোন অবধি।

উ। প্রথম জর্জ অবধি। ইনি রাজা প্রথম জেমসের জ্যেষ্ঠা দুহিতা মহারাণী এলিজেবেথের গর্ভে ও বোহেমিয়া নামক স্থানের নৃপতি ফ্রেডেরিকের ঔরস জাত কন্যা মহারাজ্ঞী সোফায়ার গর্ভে এবং ব্রন্স উইকের ডিউক অরনেষ্টস অগষ্টের ঔরসে জন্ম গ্রহণ করেন। হাউস অব ব্রন্স উইক নামক রাজ কুলোদ্ভব সন্তানেরা দুই স্থানে বাস করাতে ঐ বংশ দুই শাখায় বিভক্ত হয়। যথা; লিউনবর্গ এবং উলফেন বটল। ইংলণ্ডের বর্ত্তমান রাজবংশ লিউনবর্গ বা হানোবার শাখা। উলফেন বটল শাখা ১৮১৫ সালে ব্রন্স উইকের ডিউক সুপ্রসিদ্ধ মহাবীরের নিপতনে নির্ব্বংশ হইয়া গিয়াছে।

ষোড়শ অধ্যায়।

জয়লব্ধ উইলিএমের অধিকার।

প্র। জয়লব্ধ উইলিএম কে।

উ। নরমেণ্ডীর ডিউক প্রথম রবর্টের উপপত্নী পুত্র।

প্র। নরমেন জয় বলিতে কি বুঝায়!

উ। নরমেন জাতি উইলিএমের ইংলণ্ড জয় করাকে নরমেন জয় বলে।

প্র। উইলিএম ইংলণ্ড রাজ্যের অধিকারী হইবার জন্য কি ছল করিয়াছিলেন।

উ। তিনি এই ছল করিয়াছিলেন যে সাকসন বংশের শেষ রাজা এডওয়ার্ড, যখন দিনেমারদিগের আক্রমণ ভয়ে নরমেণ্ডীতে গিয়া পলায়ন করিয়াছিলেন, তখন উইলিএমের নিকট এই রূপ প্রতিজ্ঞা করিয়াছিলেন, যে তোমার এই উপকারের প্রত্যুপকারের জন্য আমারপর ইংলণ্ডের অধিকার আমি তোমাকে প্রদান করিব। অতএব এক্ষণে সেই প্রতিজ্ঞানুসারে তাঁহার মৃত্যুর পর তিনি ইংলণ্ড রাজ্য অধিকার করিতে আসিয়াছেন।

প্র। কোন্ সময়ে উইলিএম ইংলণ্ডের রাজ্যে অভিষিক্ত হয়েন।

উ। ১০৬৬ সালের খ্রিশমিশ দিবসে।

প্র। তাঁহার রাজত্বকালে কি কি প্রধান ঘটনা ঘটে?

উ। (ডোমস্‌ডেবুক) নামক পুস্তক সংগৃহীত হয়, করফিউবেল নামক ঘণ্টা প্রতিষ্ঠিত হয়, চারি প্রকার বিশেষ নিয়ম নিযোজিত হয়, হেম্পসিয়ার নামক স্থানের জঙ্গল আবাদের পত্তন হয় এবং জায়গীরের পদ্ধতি প্রচলিত হয়।

প্র। ডোমস্‌ডে নামক পুস্তক কি?

উ। রাজ্যস্থ প্রত্যেক লোকের দাস দাসী, গো মহিষ

ও আর আর সম্পত্তির মূল্যের হিসাব পুস্তক।

প্র। করফিউরেলের অর্থ কি?

উ। প্রত্যহ রাত্রি আট ঘণ্টার সময় এক ঘণ্টা বাজিবার অনুমতি ছিল, ঐ ঘণ্টার শব্দ শ্রবণ করিয়া ইংলণ্ডীয় লোকে আপন আপন আলয়ের সকল প্রকার আলোক ও অগ্নি নির্ব্বাণ করিত।

প্র। জায়গীরের অর্থ কি?

উ। সৈন্য রক্ষা ও তৎসংক্রান্ত কর্ম্ম নির্ব্বাহের জন্য সরকার হইতে এই নিয়মে কতক জমি বন্দবস্ত করিয়া দেওয়া হইয়াছিল, যে, যে সকল প্রজা ঐ জমির যোত আবাদ করিবে তাহারা নির্দ্দিষ্টরূপে এক জন জমিদারের অধীন থাকিবে এবং জমিদার সরকারের অধীন থাকিবেন। প্রজারা জমির করের পরিবর্ত্তে ঐ জমিদারের আদেশানুসারে সংগ্রামে সাহায্য করিবে, বিপদে রক্ষা করিবে এবং যুদ্ধের সময় ৪০ দিন পর্য্যন্ত আপনাদিগের নিজ ব্যয়ে রণস্থলে উপস্থিত থাকিবে?

প্র। ইঁহার রাজত্বের সময় কি নূতন বিষয় প্রকাশ পায়।

উ। এক জন ফরাশী সঙ্গীতের কএকটি নূতন রাগ ও স্বর বাহির করে।

প্র। উইলিএম কি প্রকারের মনুষ্য ছিলেন?

উ। তিনি অত্যন্ত সাহসী, ক্ষমতাপন্ন, রাজকৌশলজ্ঞ, কঠিন স্বভাব ও দ্বেষ পরবশ রাজ্যাকাঙ্ক্ষী ছিলেন। তিনি দেখিতে খর্ব্বকায় ছিলেন কিন্তু তাঁহার শরীর অত্যন্ত সবল সতেজ ও স্থূল ছিল। তিনি এমনি বলবান্ ছিলেন যে তাঁহার সম-বয়স্ক লোকের মধ্যে প্রায় কেহই তাঁহার হস্তের ধনু নমনও আর আর অস্ত্র সকল উত্তোলন করিতে পারিত না।

প্র। কোন্ কোন্ স্থান তাঁহার অধিকারভুক্ত ছিল।

উ। ইংলণ্ড এবং নরমেণ্ডী। তিনি নরমেণ্ডীতে ২২ বৎসর ও ইংলণ্ডে ২১ বৎসর রাজত্ব করেন। ১০৮৭ খৃষ্টাব্দের ৯ সেপ্‌টেম্বরে ৬১ বৎসর বয়ঃক্রমের সময় রাউএন নামক স্থানের নিকটে তাঁহার মৃত্যু হয়।

সপ্তদশ অধ্যায়

উইলিএম রূফস, প্রথমহেনেরি এবং ষ্টাবনের রাজত্ব।

প্র। জয়লব্দ উইলিএমের পর কে রাজা হয় ?

উ। তাঁহার দ্বিতীয় পুত্র উইলিএম রূফস। তিনি ত্রয়োদশ বৎসর রাজত্ব করিয়া ১১০০ খৃষ্টাব্দে এক দিন নিউ ফরেষ্ট নামক বনের মধ্যে মৃগয়া করিবার সময় অকস্মাৎ এক গুলির আঘাতে প্রাণত্যাগ করেন। ওএনচেষ্টর নামক স্থানে তাঁহার গোর হয়।

প্র। তাঁহার কি প্রকার চরিত্র ছিল ?

উ। তাঁহার কোন বিশেষ সন্তান থাকা সম্ভব বোধ হয় না। তিনি কেবল অত্যন্ত দুঃসাহসী ছিলেন।

প্র। কোন্ কোন্ স্থানে তাঁহার অধিকার ছিল?

উ। ইংলণ্ড এবং নরমেণ্ডীতে।

প্র। তাঁহার কোন সন্তানাদি ছিল কি না?

উ। না।

প্র। তাঁহার অধিকার সময়ে কি কি বিশেষ ঘটনা ঘটে?

উ। ১০৮৯ খৃষ্টাব্দে সারসেন নামক ব্যক্তিদিগের হস্ত হইতে জেরুসিলাম নগরের উদ্ধার করিবার নিমিত্ত বহুসংখ্যক খৃষ্টধর্ম্মাবলম্বী লোক পদব্রজে যুদ্ধে যাত্রা করেন। ইংরেজী ভাষায় এই যুদ্ধের নাম (ক্রুসেড) বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। উইলিএম লণ্ডন ব্রীজ পুনর্নির্ম্মাণ করেন, টৌবরের চতুর্দ্দিকে প্রাচীর করিয়া দেন এবং ওএষ্টমিনিষ্টর নামক স্থানের প্রসিদ্ধ প্রাসাদ প্রস্তুত করেন।

প্র। তাঁহাকে লোকে রুফস বলিত কেন?

উ। তাঁহার রক্তবর্ণ কেশ এবং আলোহিত শরীরের নিমিত্ত।

প্র। ইহাঁর পর কে রাজা হয়?

উ। প্রথম হেনেরি। ইনি অত্যন্ত বিদ্যাবান ছিলেন বলিয়া লোকে ইহাঁকে (স্কলার) অর্থাৎ ছাত্র উপাধি দিয়া ছিল। ইনি জয়লব্ধ উইলিএমের কনিষ্ঠ পুত্র।

প্র। তিনি কাহার পাণিগ্রহণ করিয়াছিলেন?

উ। স্কটলণ্ডের রাজা মালকমের কন্যা মেটিলডার।

প্র। হেনেরির রাজত্ব সময়ে কি কি বিশেষ ব্যাপার সংঘটিত হইয়াছিল?

উ। তাঁহার পুত্র কুমার উইলিএম ও আর একটী পুত্র এবং উপস্ত্রী গর্ভজাতা একটী কন্যা নরমেণ্ডী হইতে জলপথে আসিবার সময় নাবিকের দোষে ব্লাঙ্কেতে ডুবিয়া মরে। এই দুর্ঘটনায় হেনেরি এমনি শোকমুগ্ধ হইয়াছিলেন, যে তাহার পর আর তাঁহাকে কখন হাসিতে দেখা যায় নাই।

প্র। তিনি কি প্রকারের মনুষ্য ছিলেন এবং কোন সময় ইহলোক হইতে অবসৃত হয়েন?

উ। তিনি যে সময় রাজত্ব করিয়াছিলেন তৎকালোচিত প্রশংসনীয় রাজা ছিলেন। তাঁহাকে দেখিলে বিলক্ষণ বড় লোক ও বীর্য্যবন্ত বোধ হইত। তিনি ৩৫ বৎসর রাজত্ব করিয়া ১১৩৫ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে ৬৭ বৎসর বয়সে লোকান্তর গমন করেন।

প্র। তাঁহার পর কে রাজা হয়?

উ। তাঁহার ভাগিনেয় অর্থাৎ জয়লব্ধ উইলিএমের চতুর্থা কন্যা এডিলার পুত্র ব্লয় বংশীয় ষ্টীবেন। ষ্টীবেন পূর্ব্বে তাঁহার মাতুল অর্থাৎ হেনেরির কন্যা মেটিলডার নিকট এইরূপ শপথ করিয়াছিল যে যদি হেনে-

রির ঔরসে পুত্র সন্তান না হয়, তাহা হইলে সে মেটিলডাকে প্রধানা করিয়া তাহার অধীন থাকিবে, কিন্তু তাহা না করিয়া আপনিই রাজা হইল।

প্র। তাঁহার রাজত্বকালে কি কি ঘটনা ঘটে?

উ। তাঁহার সহিত মেটিলডা ও আর আর প্রধান প্রধান লোকের সহিত রাজ্য লইয়া নিয়ত সংগ্রাম হওয়াতে, ইংলণ্ড অনবরত রক্তে প্লাবিত হয়। অবশেষে তাঁহার একমাত্র পুত্রের প্রাণ নষ্ট হওয়াতে এই রূপ বন্দোবস্ত অবধারিত হইল যে তাঁহার জীবদ্দশা পর্য্যন্ত তিনি রাজ্য ভোগ করিবেন অনন্তর মেটিলডার পুত্র কনিষ্ঠ হেনেরি তাঁহার পদ প্রাপ্ত হইবে।

প্র। তিনি কত দিন রাজত্ব করেন এবং কোন্ সময় মরেন?

উ। ১৮ বৎসর রাজত্ব করিয়া ১১৫৪ খৃষ্টাব্দের ২৫ শে আক্টোবরে ৫০ বৎসর বয়সে গত হয়েন।

প্র। কোন্ কোন্ স্থান তাঁহার অধিকারভুক্ত ছিল

উ। কেবল ইংলণ্ড।

অষ্টাদশ অধ্যায়।

প্লাণ্টেজিনেটবংশ দ্বিতীয় হেনেরির রাজত্ব।

প্র। ষ্টীবনের পর কে তৎপদে অভিষিক্ত হয়েন?

উ। আঞ্জো নামক স্থানের কাউন্ট জেফ্রি প্লাণ্টেজিনেটের ঔরস ওমেটিলডার গর্ভজাত পুত্র হেনেরি প্লাণ্টেজিনেট।

প্র। ইহার রাজত্ব কালে কোন্ কোন্ প্রসিদ্ধ লোক বিদ্যমান ছিলেন?

উ। লর্ডক্লিফোর্ডের কন্যা সুবিখ্যাতা রূপবতী রজামিণ্ড। তিনি দ্বিতীয় হেনেরির প্রণয়িনী, ছিলেন বলিয়া মহারাণী ইলিওনোর তাঁহাকে বিষ খাওয়াইয়া হত্যা করেন। তাঁহার অনুপম রূপ লাবণ্য এবং অতীব শোচনীয় মৃত্যু ঘটন জন্য তাঁহার নাম চিরপ্রসিদ্ধ হইয়া উঠে। এই সময় টমাস এ, বেকেট্ নামক আর এক ব্যক্তি অতিনীচ অবস্থা হইতে কেণ্টরবরির আর্চবিশপের পদে সমারূঢ় হয়।

প্র। কোন্ কোন্ স্থানে হেনেরির অধিকার ছিল?

উ। ইংলণ্ড, নরমেণ্ডী, আঞ্জো, গিনি, পইটাউ, এবং তাঁহার স্বাধিকৃত আয়ারলণ্ড।

প্র। তাঁহার কয়টি সন্তান ছিল?

উ। সাতটী। জেফ্রি, হেনেরি, রিচার্ড, এবং জন নামক

চারি পুত্র, আর তিনটি কন্যা। ইহারি মধ্যে কনিষ্ঠ পুত্র দুটীই রাজ্যাধিকারী হয়।

প্র। কোন্ সময় হেনেরির মৃত্যু হয়?

উ। তিনি ৩৪ বৎসর রাজত্ব করিয়া ৫৭ বৎসর বয়সে ১১৮৯ শালের ৬ জুলাই দিবসে লোকান্তর গমন করেন। তিনি দায়েরসায়েরি আদালত প্রতিষ্ঠিত করেন।

উনবিংশ অধ্যায়।

১ ম রিচার্ড এবং জন অথবা লেকলাণ্ড।

প্র। হেনেরির পর কে রাজ্যাধিকারী হয়?

উ। তাঁহার পুত্র (সিংহবীর্য্য উপাধি বিশিষ্ট) রিচার্ড

প্র। রিচার্ড কি প্রকার স্বভাবের মনুষ্য ছিলেন?

উ তিনি অত্যন্ত বুদ্ধিমান, ক্ষমতাপন্ন, এবং বীর্য্যবন্ত ছিলেন। তিনি ক্রুসেডরদিগের সঙ্গে পালেষ্টাইন গিয়া আপনি যে ইংলণ্ডের রাজাছিলেন তাহা ভুলিয়া গিয়াছিলেন। তিনিই সর্ব্বাগ্রে " জগদীশ্বর এবং আমার অধিকার ,, এই বচন রচনা করিয়া আপনার যুদ্ধাস্ত্রেতে বসাইয়া দেন।

প্র। পুরাবৃত্তের মধ্যে তাঁহার উদারচিত্তের পরিচয়ের জন্য কি কথা লিখিত আছে?

উ। তাঁহার ভ্রাতা জন বারম্বার বিদ্রোহাচরণ করিলে প-রেও তিনি তাহাকে এই বলিয়া ক্ষমা করেন, যে, "আমার ইচ্ছা যে তুমি যেমন আমার এই ক্ষমা করা ভুলিয়া যাইবে সেইরূপ আমিও যেন তোমার যাবতীয় অপরাধ ভুলিয়া যাই"।

প্র। কিসে রিচার্ডের মৃত্যু সংঘটন হয়?

উ। ফ্রান্সের অন্তর্গত সালোন নামক স্থানের দুর্গ আক্রমণ ব্যাপারে গুলির আঘাতে আহত হয়েন এবং তাহার একাদশ দিবস পরে ১১৯৯ সালের ৬ আপ্রেলে প্রাণ ত্যাগ করেন।

প্র। তাঁহার পর কে রাজ্যাধিকার করেন?

উ। তাঁহার সহোদর জন। (লেকলাণ্ড)

প্র। জন কি প্রকারের মনুষ্য ছিলেন?

উ। তাঁহার কোন বিশেষ সদ্গুণ দৃষ্ট হয় না এবং তাঁহার চিত্ত যেমন ক্ষুদ্র ভাগ্যও সেইরূপ ছিল। তিনি ইংলণ্ডের বেরন নামক উচ্চ কুলবিশিষ্ট লোকদিগের সহিত বিস্তর সংগ্রাম ও পোপদিগের সহিত অনেক বিবাদ করিয়াছিলেন।

প্র। তাঁহার কি দুষ্কর্ম্মের অপবাদ হইয়া ছিল?

উ। তাঁহার সর্ব্বজ্যেষ্ঠ ভ্রাতা জেফ্রির পুত্র আরথরকে হত্যা করার। মহকবি সেকসপিয়ার এই হত্যা ব্যাপার

অবলম্বন করিয়া "কিংজন" নামক অপূর্ব্ব করুণা-রসের নাটক রচনা করেন।

প্র। তিনি কতদিন রাজত্ব করেন, কোন সময় মরেন এবং কোন স্থানে সমাহিত হয়েন?

উ। তিনি ১৭ বৎসর রাজত্ব করিয়া ১২১৬ খৃষ্টাব্দের ১৮ অক্টোবরে লোকান্তর গমন করেন এবং ওয়ার-ষ্টর নামক স্থানের কেথিড্রেলে তাঁহার সমাধি হয়। তিনি সর্ব্বাগ্রে ইংরাজি টাকা মুদ্রিত করেন।

প্র। তাঁহার কতগুলি সন্তান ছিল?

উ। পাঁচটি তন্মধ্যে তাঁহার জ্যেষ্ঠ পুত্র হেনেরি তাঁহার পদ অধিকার করেন।

প্র। মেগনা কার্টা নামক সনন্দ পত্রে কে স্বাক্ষর করে?

উ। কিংজন। উইনসর নামক স্থানের নিকট রনিমিড নামক স্থানে এই সনন্দ স্বাক্ষরিত হয়।

প্র। মেগনা কার্টার অর্থ কি?

উ। ইংলণ্ডস্থ ইতর ভদ্রসকল লোককে পূর্ব্বাপেক্ষা সমধিক স্বাধীনতা ও ক্ষমতা দিবার জন্য যে বিশেষ নিয়ম পত্র প্রতিষ্ঠিত হয় তাহার নাম মেগনাকার্টা, ইহা দ্বারা পূর্ব্বের জায়গিরি বন্দবস্তের অত্যাচার রহিত হইয়া সাধারণের স্বাধীনতা হয়। ১২১৫ সালে লণ্ডনের অগ্রগন্য মেয়র এবং শরিফেরা আপন আপন উপাধি প্রাপ্ত হয়েন।

ত্রিংশ অধ্যায়।

তৃতীয় হেনেরির রাজত্ব

প্র। জনের পর কে রাজা হয়েন?

উ। তাঁহার পুত্র তৃতীয় হেনেরি। উইনচেষ্টর নামক স্থানে ইঁহার জন্ম হয়।

প্র। ইনি কিপ্রকারের মনুষ্য ছিলেন।

উ। তিনি অতি হীনপ্রতাপ ও লঘুচেতা ছিলেন এবং বল বুদ্ধি কিছুই ছিল না। বোধ হয় তিনি নয়বৎসর বয়সে পিতৃহীন হইয়া অত্যন্ত শৈশবাবস্থায় রাজ্যাভিষিক্ত হওয়াতেই তাঁহার উক্ত প্রকার দোষ সকল ঘটিয়াছিল।

প্র। কোন সময় কোর্টঅব কমনপ্লি নামক সভা সংস্থাপিত ও অলডরমেন নামক অধ্যক্ষ সমাজ নিযোজিত হয়?

উ। তৃতীয় হেনেরির আমলে। তিনিই সর্ব্বাগ্রে রীতিমত করিয়া পার্লেমেন্ট নামক মহাসভার বৈঠক করেন।

প্র। কোন সময় প্রথমতঃ গির্জার মধ্যে বিবাহ হয়?

উ। তৃতীয় হেনেরির সময়। ইঁহার রাজত্বকালে ফ্রায়ার উপাধি বিশিষ্ট রজরবেকন নামক একজন মনুষ্য মেগ্নিফাইং গ্লাস এবং মেজিকল্যান্টরনের সৃষ্টি করেন।

প্র। ইঁহার রাজত্বকালে আর কি কি বিষয়ের উন্নতি হয়?

উ। ইংলণ্ডে সাইডর টেপস্ট্রী প্রভৃতি নানাপ্রকার ছিটবস্ত্র হইতে আরম্ভ হয় এবং ফ্রেঞ্চ অথবা বিনিসিয়ান লোক কর্ত্তৃক নাবিকদিগের কম্পাস অর্থাৎ দিগ্‌দর্শন যন্ত্রের সৃষ্টি হয়।

প্র। কোন্ সময় তালাশী আদালত নিযুক্ত হয়?

উ। ইঁহারই রাজত্বকালে।

প্র। তালাশী আদালতের অর্থ কি?

উ। ইংলণ্ডের মধ্যে কোন ব্যক্তি তৎকাল প্রচলিত কাথলিক ধর্ম্মের বিরুদ্ধাচরণ করে কি না, তাহার অনুসন্ধান করিবার জন্য কয়েকজন পুরোহিত ও ধর্ম্মাধ্যক্ষ নিযুক্ত হইয়া এক নির্দয় আদালত স্থাপিত হয়।

প্র। হেনেরির কয়টি সন্তান ছিল?

উ। নয়টি, কিন্তু তন্মধ্যে তিনি চারিটিকে রাখিয়া গত হয়েন। তাঁহার পুত্র এডওয়ার্ড তাঁহার পদে অভিষিক্ত হয়েন।

প্র। তিনি কোন সময় লোকান্তর গমন করেন এবং কোন স্থানে তাঁহার সমাধি হয়?

উ। তিনি ৫৬ বৎসর রাজত্ব করিয়া ১২৭২ খৃষ্টাব্দের ৬ নবেম্বরে ইহলোক হইতে অবসৃত হয়েন এবং

এডওয়ার্ড কনেফেশরের তীর্থের নিকট ওএষ্ট-মিনিষ্টরএবি নামক স্থানে তাঁহার সমাধি হয়।

একবিংশ অধ্যায়।

প্রথম এডওয়ার্ড। দীঘ জাম্বু।

প্র। প্রথম এডওয়ার্ডের এবং তাঁহার উত্তরাধিকারী পুত্রের কি প্রকার চরিত্র ছিল?

উ। তিনি অত্যন্ত বুদ্ধিজীবী ও সাহসী রাজা ছিলেন। তিনি ওএলস্ নামক স্থান জয় করিয়া ইংলণ্ডের সঙ্গে একাধিকারভুক্ত করেন, তিনি স্কটলণ্ডে এক যুদ্ধ করিয়া জয়ী হয়েন এবং প্রজাদিগের বাণিজ্য বিস্তারের জন্য অনেক প্রকার যত্ন পান।

প্র। তিনি না ইহুদীদিগের প্রতি অত্যন্ত নিষ্ঠুরাচরণ করিয়া ছিলেন?

উ। হাঁ করিয়া ছিলেন। প্রায় ১৫০০০ হাজার ইহুদীর সর্ব্বস্ব হরণ পূর্ব্বক তাহাদিকে নির্ব্বাসিত করেন।

প্র। এড ওয়ার্ডের জ্যেষ্ঠ পুত্রের কোন স্থানে জন্ম হয়?

উ। ওএলসের অন্তর্গত কার্ণাবন নামক স্থানে। তিনি ১৭ বৎসর বয়ঃক্রমের সময় ঐ স্থানের আধিপত্য প্রাপ্ত হয়েন। তদবধি ইংলণ্ডেশ্বরের জ্যেষ্ঠ পুত্র প্রিন্স অব ওএলস বলিয়া উল্লিখিত হয়েন।

প্র। এডওয়ার্ড কত দিন রাজত্ব করেন এবং কোন সময় ও কোন স্থানে লোকান্তর গমন করেন?

উ। তিনি ৩৪ বৎসর রাজত্ব করিয়া ৬৮ বৎসর বয়ঃক্রমের সময় কারলাইল নামক স্থানে ১৩০৭ খৃষ্টাব্দের ৭ জুলাই দিবসে ইহ লোক হইতে অবসৃত হয়েন।

প্র। তাঁহার অধিকার সময়ে কি কি বিষয়ের আবিষ্ক্রিয়া ও কোন কোন বিষয়ের নূতন সৃষ্টি হয়?

উ। গোলাধ্যায় এবং ভূগোল শাস্ত্র অধ্যয়নের আরম্ভ হয়। চর্ব্বির বাতি এবং পাথুরে কয়লা সাধারণ রূপে ব্যবহার হইতে আরম্ভ হয়। বায়ু ঘরট্ট, অর্থাৎ বাতাসে ঘুরিবার যাঁতাকলের নূতন সৃষ্টি হয় এবং সুরা কেবল বণিকের দোকানে ঔষধ স্বরূপ বিক্রীত হইবার নিয়ম হয়।

দ্বাবিংশ অধ্যায়।

দ্বিতীয় এডওয়ার্ডের রাজত্ব।

প্র। প্রথম এডওয়ার্ডের পর কে রাজা হয়?

উ। তাঁহার পুত্র কার্ণাবনস্থ এডওয়ার্ড। ইনি অত্যন্ত অপ্রভাব শালী রাজা ছিলেন।

প্র। তাঁহার ভাগ্যে কি কি দুর্ঘটনা ঘটে?

উ তিনি নানা উৎপাত সহকারে ২০ বৎসর রাজত্ব করিয়া তদনন্তর সিংহাসনচ্যুত হয়েনএবং তাঁহার মহিষী রাজ্যাধিকারিণী হইয়া ১৩২৭ খৃষ্টাব্দের ২১ সেপ্টেম্বরে বর্কলি নামক দুর্গে তাঁহাকে লোক দ্বারা হত্যা করেন, তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র প্রিন্স অব ওএলস উপাধি বিশিষ্ট এডওয়ার্ড তৎপদে অভিষিক্ত হয়েন।

ত্রয়োবিংশ অধ্যায়।

তৃতীয় এডওয়ার্ডের রাজত্ব।

প্র। তৃতীয় এডওয়ার্ড কি প্রকার রাজা ছিলেন?

উ। তিনি অত্যন্ত বিচক্ষণ ছিলেন এবং ইংলণ্ডীয় রাজাদিগের মধ্যে এক জন বিশেষ খ্যাত্যাপন্ন ভূপতি হইয়াছিলেন।

প্র। তাঁহার কয়টি সন্তান ছিল?

উ। নয়টি। পাঁচটী পুত্র চারিটী কন্যা, তন্মধ্যে জ্যেষ্ঠ সন্তান এডওয়ার্ড সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ। তিনি কৃষ্ণবর্ণ কবচ পরিধান করিতেন বলিয়া লোকে তাঁহাকে ব্লাকপ্রিন্স অর্থাৎ কাল রাজকুমার নামে উল্লেখ করিত তাঁহার পিতা জীবিত থাকিতেই তিনি লোকা-

স্তরিত হয়েন ; এডওয়ার্ডের আর চারি পুত্রের নাম এই। যথা ক্লরেন্সের ডিউক লাইওনেল, ইয়ুরকের ডিউক এডমণ্ড, লাঙ্কেষ্টরের ডিউক জন অবগন্ট এবং গ্লাউষ্টারের ডিউক টমাস।

প্র। তাঁহার রাজত্বকালে কি কি বিশেষ ঘটনা ঘটে ?

উ। ক্রেসীর এবং পইকটিয়ার যুদ্ধ, স্কটদিগের পরাভব, ইংরেজদিগের কেলিজ নগর অধিকার এবং ঘোরতর সামুদ্রিক সংগ্রামে ফরাসদিগকে জয় করা।

প্র। ক্রেসীর যুদ্ধের বৃত্তান্ত কি ?

উ। ১৩৪৬ খৃষ্টাব্দে ইংরাজ এবং ফরাসের মধ্যে ক্রেসী নামক স্থানে এক ঘোরতর সংগ্রাম হয়। এই যুদ্ধে ফরাসদিগের পক্ষে এক লক্ষ সেনা এবং ইংরাজদিগের ত্রিশ হাজার সৈন্য ছিল, কিন্তু ফরাসী সৈন্যের মধ্যে প্রায় ৩৭০০০ হাজার যোদ্ধা যুদ্ধে নিহত হয় এবং কতক ধৃত হইয়া কারাবদ্ধ থাকে ও আরও অনেকে পলায়ন করে।

প্র। যে সকল লোক এই যুদ্ধে হত হয় তন্মধ্যে কে কে বিখ্যাত ব্যক্তি ছিল ?

উ। মেজর্কা এবং বোহিমিয়ার রাজারা। বোহিমিয়ার রাজার মাতায় সীমোরোগের তিনটি পক্ষ থাকিত এবং "আমি কার্য্য করি" এইটি তাঁহার মুখের

বিশেষ বাক্য ছিল। ঐ কথাটি প্রিন্স অব ওএল্স এবং তাঁহার উত্তরাধিকারীরাও চির দিন মনে করিতেন।

প্র। ঐ সময় আর কি ঘটনা ঘটে।

উ। পদবিশেষের জন্য গার্টর * নামক চিহ্ন ধারণ করিবার নিয়ম হয় এবং স্বর্ণমুদ্রা প্রথম মুদ্রিত হয়। প্রসিদ্ধ ধর্ম্মসংশোধনকারী উইক লিফি এই সময় বিদ্যমান ছিলেন।

চতুর্বিংশ অধ্যায়

দ্বিতীয় রিচার্ডের রাজত্ব।

প্র। দ্বিতীয় রিচার্ড কে?

উ। কালরাজকুমার এডওয়ার্ডের পুত্র। ১৩৭৭ খৃষ্টাব্দে রিচার্ড যখন আপন পিতামহের রাজ্যাধিকারী হয়েন তখন তাঁহার একাদশবর্ষ মাত্র বয়ঃক্রম।

প্র। তিনি কিপ্রকার মনুষ্য ছিলেন?

উ। বালককালে তিনি অত্যন্ত সৎ ও সরল বলিয়াই সকল লোকের নিকট প্রশংসনীয় ছিলেন কিন্তু বয়ঃপ্রাপ্ত হইয়া অতিশয় লঘুচেতা ও কাপুরুষের ন্যায়

---

* মোজাবাঁধা ফিতার ন্যায় পায়ে বাঁধিবার এক প্রকার ফিতে বিশেষ।

হইয়া পড়িলেন। লাঙ্কেষ্টরের ডিউক হেনেরি তাঁহাকে হৃতরাজ্য করিয়া ১৪০০ খৃষ্টাব্দে পমফোর্ট নামক দুর্গের মধ্যে অনাহারে হত্যা করে।

প্র। দ্বিতীয় রিচার্ডের রাজত্বের সময় কি কি ঘটনা ঘটে?

উ। প্রধান ঘটনার মধ্যে পোলের টাক্সের অসম্মতিতে ওয়াট টাইলর নামক এক ব্যক্তির সাহায্যে একবার এক বিদ্রোহ উপস্থিত হয় আর হেনেরি আসিয়া বলপূর্ব্বক রিচার্ডের সিংহাসন অধিকার করে।

প্র। হেনেরি এই প্রকার করিয়া বলপূর্ব্বক সিংহাসন অধিকার করাতে কি হইয়াছিল?

উ। শ্বেত গোলাবের সহিত লালগোলাবের অর্থাৎ ইয়র্কের সহিত লাঙ্কেষ্টরের বারম্বার ভয়ানক সঙ্গ্রাম হইয়া ছিল।

প্র। কোন্ সময় তাসের সৃষ্টি হয়?

উ। দ্বিতীয় রিচার্ডের সময়।

প্র। কাহার জন্য সৃষ্টি হয়?

উ। ফ্রান্সের রাজা মহা প্রীতি ভাজন উপাধি বিশিষ্ট ষষ্ঠ চার্লসের জন্য। তিনি যতদিন রাজত্ব করেন তাহার অধিকাংশই উন্মাদাবস্থায় গত হয় তম্মধ্যে যে সময় ভাল থাকিতেন তৎকালের চিত্তবিনোদনের নিমিত্ত ঐ তাসের সৃষ্টি হয়।

পঞ্চবিংশ অধ্যায়

চতুর্থ হেনেরির রাজত্ব।

প্র। দ্বিতীয় রিচার্ডের পর কে রাজা হয়

উ। লাঙ্কেষ্টরের ডিউক চতুর্থ হেনেরি। ইনি জন অব গণ্টের জ্যেষ্ঠ পুত্র। ১৩৯৯ খৃষ্টাব্দের ১৩ অক্টোবরে ইহাঁর রাজ্যাভিষেক হয়। রিচার্ড জীবিত থাকিতে বলপূর্ব্বক তাহাকে সিংহাসন চ্যুত করিয়া তৎপদে আরূঢ় হয়েন।

প্র। ইহাঁর সময়ে এবং ইহাঁর পূর্ব্বে কোন্ কোন্ বিখ্যাত ব্যক্তি বিদ্যমান ছিলেন?

উ। চসর এবং গাউর নামক দুইজন ইংরেজি কবি এবং উইখেমের উইলিএম উইন চেষ্টরের বিসপ।

প্র। হেনেরির জ্যেষ্ঠ পুত্র যখন প্রিন্স অব ওএল্সের অবস্থায় ছিলেন তখন তাঁহার ভাগ্যে কি ঘটে?

উ। প্রধান বিচারপতি সার উইলিএম গাসকইন স্বীয় শাসন অগ্রাহ্য করিয়াছে বলিয়া তাঁহাকে কারাবদ্ধ করেন।

প্র। ইহার বৃত্তান্ত কি বল?

উ। হেনেরির সহচরের মধ্যে এক জন ভ্রষ্টাচারী একদা কোন গুরুতর অপরাধের নিমিত্ত উক্ত বিচারপতির সম্মুখে আনীত হইলে তিনি তাহার প্রতি গুরুতর

দণ্ডের অনুমতি প্রদান করেন, হেনেরি তৎকালে বিচারালয়ে উপস্থিত ছিলেন ঐ গুরুতর দণ্ডের অনুমতি শ্রবণ করিয়া এমনি ক্রুদ্ধ হইলেন যে সেই বিচারালয়ে সকলের সাক্ষাতেই বিচারপতির শরীর দণ্ড করিলেন। ইহাতে বিচারপতি অত্যন্ত অপমান বোধ করিয়া তাঁহাকে বন্দী করিবার অনুমতি দিলেন।

প্র। রাজা ইহা শুনিয়া কি বলিলেন?

উ। তিনি অত্যন্ত আহ্লাদিত হইয়া বলিলেন যে, যে রাজার কর্ম্মচারী এপ্রকার অপরাধির প্রতি সাহস করিয়া দণ্ডবিধান করিতে পারে এবং যাহার পুত্রও ইচ্ছাপূর্ব্বক সেই দণ্ড অঙ্গীকার করে তাহার তুল্য সুখী কে?

প্র। হেনেরির কয় সন্তান ছিল?

উ। ছয়, চারিটি পুত্র এবং দুইটি কন্যা। তন্মধ্যে জ্যেষ্ঠ পুত্র হেনেরিই রাজ্যাধিকারী হয়। ১৪১৩ খৃষ্টাব্দের ২০ মার্চ্চ ওএষ্টমিনিষ্টর নামক স্থানে অপস্মার রোগে তাঁহার মৃত্যু হয়।

ষড়্‌বিংশ অধ্যায়।

পঞ্চম হেনেরির রাজত্ব।

প্র। পঞ্চম হেনেরির কি প্রকার চরিত্র ছিল?

উ। তিনি এমনি সাহসী ছিলেন যে কোন বিপদে চঞ্চল

হইতেন না এবং কোন ক্লেশকেই ক্লেশ বোধ করি-তেন না। তাঁহার বিজ্ঞতাও সামান্য ছিল না তিনি সৎস্বভাবান্বিত, সুধীর, সমদর্শী ও পরিমিতা-চারী ছিলেন এবং রাজ্যশাসন ও সমরশাধন বিষয়ে অদ্বিতীয় ছিলেন।

প্র। তাঁহার রাজত্বসময়ের প্রধান ঘটনা কি?

উ। ফ্রান্স রাজ্যের জয়লাভ। তিনি সিংহাসনারূঢ় হইয়াই উক্ত ব্যাপারে ব্রতী হয়েন। হেনেরিই স্বয়ং বিখ্যাত এজিন কোর্টের যুদ্ধে জয়ী হয়েন। এই যুদ্ধে ফরাসিদিগের যত প্রধান প্রধান লোকের প্রাণ নষ্ট হয় ও যত লোক কারাবদ্ধ হয় আর কোন কালে তদ্রূপ হয় নাই। হেনেরিই পরে রাজপ্রতিনিধি ও রাজ্যাধিকারী বলিয়া বিখ্যাত হয়েন।

প্র। তাঁহার কয় সন্তান ছিল?

উ। কেবল একমাত্র পুত্র প্রিন্স অব ওএলস্। কিন্তু ১৪২২ খৃষ্টাব্দে যখন তাঁহার মৃত্যু হয় তখন ঐ সন্তান একবৎসরেরও হয় নাই রাজার মৃত্যুর পর রাণী ওএলেস রাজ্যের রাজকুলজাত সার ওএনটিউ-ডর নামক একজন ভদ্র লোকের পাণিগ্রহণ করেন। ইঁহার ঔরসে রাণীর আর দুই পুত্র হয়।

সপ্তবিংশ অধ্যায়।

ষষ্ঠ হেনেরির রাজত্ব।

প্র। ইঁহার রাজত্বকালে কি কি প্রসিদ্ধ ঘটনা সংঘটিত হয়?

উ। ফ্রান্সরাজ্য হস্তান্তরিত হয়, লাঙ্কেষ্টেরের সহিত ইয়র্কের অত্যন্ত বিবাদ হয়। ইয়র্কের ডিউক নিহত হয়েন কিন্তু তাঁহার পুত্র এডওয়ার্ড আপন পদ ও অধিকার পরিত্যাগ না করিয়া ষষ্ঠ হেনেরিকে রণ স্থলে পরাজয় করেন এবং টৌবর নামক দুর্গে বন্দী করিয়া রাখেন। প্রবাদ আছে ১৪৭১ খৃষ্টাব্দে হেনেরিকে সেই স্থলে হত্যাও করেন।

প্র। হেনেরির কি কোন সন্তানাদি ছিল?

উ। হাঁ এডওয়ার্ড প্রিন্স অব ওএলস নামক একটি পুত্র ছিলেন। তিনিও একটি সংগ্রামে পরাভূত হইয়া টিউকসবরি নামক স্থানে নিহত হয়েন।

অষ্টবিংশ অধ্যায়।

ইয়র্কের রাজবংশ।

চতুর্থ এডওয়ার্ড, আরলঅবমার্চ।

প্র। চতুর্থ এডওয়ার্ড কি প্রকার মনুষ্য ছিলেন?

উ। তিনি অতিশয় বীর্য্যবন্ত, কর্ম্ম-তৎপর ও উদ্যমশীল

ছিলেন অথচ তাঁহার কঠোরতা বৈরনির্য্যাতনতা ও ভোগাভিলাষও বিলক্ষণ ছিল।

প্র। এই সময় কি বিশেষ স্মরণীয় বিষয়ের সৃষ্টি হয়?

উ। জর্ম্মেনীরাজ্যে মুদ্রাকার্য্যের সৃষ্টি হয় এবং তাহা ১৪৭১ খৃষ্টাব্দে কাকসটন নামক এক জন মনুষ্য কর্ত্তৃক ইংলণ্ড রাজ্যে প্রচলিত হইতে আরম্ভ হয়।

প্র। এই সময় কি অদ্ভুত ঘটনা ঘটে?

উ। এডওয়ার্ড তাঁহার ভ্রাতা ডিউক অব ক্লারেন্সকে সুরাকুণ্ডে মজ্জিত করিয়া হত্যা করেন। সুবিখ্যাতা জেনশোর এই রাজার প্রণয়িনী ছিলেন।

প্র। তিনি কত দিন রাজত্ব করেন?

উ। তিনি দ্বাবিংশতি বৎসর রাজত্ব করিয়া এক চত্বারিংশ বৎসর বয়সে চারি কন্যা ও দুই পুত্র রাখিয়া ১৪৮৩ খৃষ্টাব্দের ৯ এপ্রেলে লোকান্তরিত হয়েন। তাঁহার জ্যেষ্ঠপুত্র ৫ম, এডওয়ার্ড প্রিন্স অব ওয়েলেস ত্রয়োদশ বৎসর বয়সে তাঁহার পদে অভিষিক্ত হয়েন।

প্র। এই রাজকুমারের চরিত্র কি রূপ ছিল?

উ। ইনি অতি শৈশবাবস্থায় রাজ্যাভিষিক্ত হইয়া তাহার অল্পদিন পরেই গুপ্তাঘাতে নিহত বা রাজ্য হইতে স্থানান্তরিত হয়েন বলিয়া তাঁহার চরিত্রের বিষয় কিছুই বলিতে পারা যায় না। কেহ কেহ

কহেন যে তিনি টৌবর নামক দুর্গমধ্যে তাঁহার ভ্রাতা ইয়র্কের ডিউকের সঙ্গে একত্রে ১৪৮৩ খৃষ্টাব্দে শত্রু হস্তে নিহত হয়েন।

উনত্রিংশ অধ্যায়

তৃতীয় রিচার্ডের রাজত্ব।

প্র। পঞ্চম এডওয়ার্ডের পর কে রাজা হয়?

উ। গ্লাউ এষ্টরের ডিউক ক্রুকবেক নামক তৃতীয় রিচার্ড। ইনি চতুর্থ এডয়ার্ডের সহোদর এবং উক্ত রাজকুমার দ্বয়ের অভিভাবক রূপে নিযুক্ত ছিলেন।

প্র। তিনি কতদিন রাজত্ব করেন?

উ। দুই বৎসর, ইনি ১৪৮৩ খৃষ্টাব্দে ২০ জুন দিবসে ইংলণ্ডের অধীশ্বর বলিয়া ঘোষিত হয়েন এবং রিচমণ্ডের তৎকালীন আরল হেনেরির সহিত বসওয়ার্থ নামক স্থানে রাজ্য লইয়া যে প্রসিদ্ধ যুদ্ধ হয় সেই যুদ্ধে ১৪৮৫ খৃষ্টাব্দের ২৪ আগষ্টে হত হয়েন।

প্র। তিনি কি প্রকার মনুষ্য ছিলেন?

উ। তাঁহাকে সকল লোকেই তাঁহার দুইটি ভ্রাতৃপুত্র ঘাতক বলিয়া মনে করিত এবং তাঁহাকে দুর্দ্ধর্ষ দুঃশী-

ল ও নির্দয় নিষ্ঠুর বলিয়াই বর্ণন করিয়া গিয়াছে।
তিনি অনেকগুলি সুনিয়ম সংস্থাপন করিয়া যান
এবং তাঁহার বিপক্ষ লোকেই তাঁহার বিষয় লিপি-
বদ্ধ করে, ইহাতে বোধ হয় যে পুরাবৃত্ত মধ্যে তাঁহার
যে সকল দুর্ণাম ও দুশ্চরিত্রের কথা দেখিতে পাওয়া
যায় তাহা সর্ব্বৈব মিথ্যা হইলেও হইতে পারে অথবা
তন্মধ্যে কিছু কিছু অতিশয্য থাকিলেও থাকিতে
পারে।

প্র। রিচার্ডের সন্তনাদি কি ছিল?

উ। একটি পুত্র, রিচার্ডের জীবদ্দশাতেই তাহার মৃত্যু হয়।
কেহ কেহ কহেন যে তাঁহার আরও একটি পুত্র ছিল
সেটি তাঁহার মৃত্যুর পরে অনেক বয়স পর্য্যন্ত জীবিত
থাকিয়া যৎসামান্য অবস্থায় কাল যাপন করিয়াছিল
রিচার্ডের সঙ্গেই ইয়র্ক অথবা প্লান্টিজেনেট বংশের
শেষ হয়।

ত্রিংশ অধ্যায়।

সপ্তম হেনেরির রাজত্ব।

প্র। তৃতীয় রিচার্ডের পর কে রাজা হয়?

উ। আরল অব রিচমণ্ড সপ্তম হেনেরি, ইনি যুদ্ধের
পরেই বসওয়ার্থের যুদ্ধ ক্ষেত্রে রাজ পদে অভিষিক্ত

হয়েন। এডমণ্ড টিউডরের ঔরসে এবং লাঙ্কেষ্টরের ডিউক বংশীয় মারগ্রেটের গর্ব্ভে ইহাঁর জন্ম হয়। তিনি চতুর্থ এডওয়ার্ডের কন্যা এলিজেবেথের পাণি গ্রহণ করিয়া হাউস অব ইয়র্ক এবং লাঙ্কেষ্টরকে একত্রীভূত করাতে রাজবিদ্রোহের পথ একেবারে রুদ্ধ হইয়া যায়।

প্র। ইঁহার রাজত্ব সময়ে কোন্ বিষয়ের আবিষ্ক্রিয়া হয়?

উ। জিনিওয়া নিবাসী ক্রাইষ্টোফর কলম্বস কর্ত্তৃক আমেরিকা প্রকাশ পায় এবং পুর্ত্তোকেশেরা ভারতবর্ষে আসিবার একটি পথ বাহির করে।

প্র। ইহাঁর অধিকার সময়ে কি কি বিদ্রোহ ব্যাপারের ঘটনা হয়?

উ। প্রথমতঃ লাম্বাট সিমনেল কর্ত্তৃক একটি উপস্থিত হয় কিন্তু তাহা অচিরেই থামিয়া যায় পরে পার্কিন ওয়ারবেকের কর্ত্তৃত্বাধীনে আর একবার একটি ভয়ানক বিদ্রোহ উপস্থিত হইয়া দীর্ঘকাল স্থায়ী হয়। পার্কিন আপনাকে চতুর্থ হেনেরির পুত্র বলিয়াপরিচয় দিত। যাহা হউক হেনেরির কল, কৌশলে ও বুদ্ধি প্রভাবে এই সকল বিদ্রোহ ও রাজ্যের উপর আরও যখন যে সকল উৎপাত উপস্থিত হইয়া ছিল তৎসমুদায়ই অমনি অমনি নিবৃত্ত হইয়া গিয়াছিল।

প্র। হেনেরির কয়টি সন্তান ছিল?

উ। সাতটি, তিন পুত্র ও চারিটি কন্যা তন্মধ্যে আরথর এবং এডমণ্ড তাঁহার পূর্ব্বেই কালগ্রস্ত হয়, হেনেরি তাঁহার রাজ্যাধিকারী হয় এবং মারগ্রেট, মেরি, এলিজেবেথ ও কেথেরাইন এই চারিটি কন্যা বিদ্যমান থাকে।

প্র। তিনি কতদিন রাজত্ব করেন?

উ। তিনি ত্রয়োবিংশতি বৎসর রাজত্ব করিয়া ৫৪ বৎসর বয়সে ১৫০৯ খৃষ্টাব্দের ২২ এপ্রেলে রিচমণ্ড নামক স্থানে লোকান্তর গমন করেন।

একত্রিংশ অধ্যায়।

অষ্টম হেনেরির রাজত্ব।

প্র। অষ্টম হেনেরি কি রীতের মনুষ্য ছিলেন?

উ। তিনি বিদ্যাবান্ ছিলেন বটে, কিন্তু অতিশয় উগ্রস্বভাব, দাম্ভিক, অবাধ্য, স্বেচ্ছাচারী এবং নিষ্ঠুর ছিলেন।

প্র। তাঁহার রাজত্ব সময়ে কি কি প্রধান বিষয়ের ঘটনা হইয়াছিল?

উ। রিফর্ম্মেসনের সূত্রপাত হয়, চর্চরেজেষ্টর রাখিবার নিয়ম প্রতিষ্ঠিত হয়, এবং ফ্লডেন ফিল্ডের যে প্রসিদ্ধ যুদ্ধে স্কটলণ্ডের অধিপতি চতুর্থ জেম্সের সদলবল ও প্রধান প্রধান স্বজন বর্গের সহিত পতন হয়, সেই যুদ্ধের আবির্ভাব হয়।

প্র। কে কে অষ্টম হেনেরির মহিষী ছিলেন

উ। প্রথমতঃ তাঁহার সহোদরের বিধবা পত্নী কেথেরাইন, ইহার সহিত তাঁহার উদ্বাহ বন্ধন অচিরেই ছিন্ন হইয়া যায়। দ্বিতীয় এনাবোলিন, এক অ[illegible] অপবাদে ইহাঁর মস্তকচ্ছেদন হয়। তৃতীয় জেন্‌সিমোর ইনি প্রসবাগারেই প্রাণত্যাগ করেন। চতুর্থ এন্, অব, ক্লেবেশ, ইনি রাজার মনোমত না হওয়াতে শীঘ্রই পরিত্যক্ত হয়েন। পঞ্চম কেথেরাইন হাউয়ার্ড, ইহাঁরও মস্তকচ্ছেদন হয়। ষষ্ঠ কেথেরাইন্ পার. ইনি জীবিত থাকিতেই রাজার মৃত্যু হয়।

প্র। অষ্টম হেনেরির কয়টি সন্তান ছিল?

উ। তিনটি, লেডিজেনশিমোরের গর্ব্ভে এডওয়ার্ড প্রিন্স অব ওএলেস, ইনিই রাজ্যাধিকারী হয়েন। প্রথম রাণীর গর্ব্ভে মেরি নাম্নী একটি কন্যা হয় এবং এনাবোলিনের গর্ব্ভে এলিজেবেথের জন্ম হয়।

প্র। ইনি কতদিন রাজত্ব করেন?

উ। ৩৮ বৎসর। ১৫৪৭ খৃষ্টাব্দের ২৮ জানুয়ারিতে ৫৬ বৎসর বয়সের সময় জ্বর রোগে ইহাঁর পরলোক প্রাপ্তি হয়।

দ্বাত্রিংশ অধ্যায়

রিফর্মেসন।

প্র। রিফর্মেসনের অর্থ কি?

উ। খৃষ্টীয় ধর্ম্মে পোপদিগের যে সকল ভ্রম হইয়াছিল সেই সকল ভ্রম সংশোধন করিয়া উহার পুনরুদ্ধার করণের নাম ইংলণ্ডীয় ইতিহাসে রিফর্মেসন বলিয়া উক্ত হইয়াছে।

প্র। উক্ত ধর্ম্মসংক্রান্ত যে সকল ভ্রম তৎকালে প্রবল হইয়া উঠিয়াছিল কোন্ ব্যক্তি সর্ব্বাগ্রে তাহার সংশোধন করিতে প্রবৃত্ত হইয়া ছিলেন?

উ। জর্ম্মেণী দেশান্তর্গত উইটেন্বর্গ নামক স্থাননিবাসী মার্টিন লুথর।

প্র। রিফর্মেসনের পূর্ব্বে ইংলণ্ডে যে ধর্ম্মমত প্রচলিত ছিল তাহার নাম কি?

উ। তাহার নাম রোমান কাথলিক ধর্ম্ম, পোপীয় মতের রক্ষা কর্ত্তা হেনেরি, লুথরের বিপক্ষে এক খানি ক্ষুদ্র গ্রন্থ রচনা করিয়া প্রচার করেন।

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

ষষ্ঠ এডওয়ার্ডের রাজত্ব।

প্র। এডওয়ার্ড কোন্ সময় রাজপদ প্রাপ্ত হয়েন এবং তিনি কি প্রকার চরিত্রের মনুষ্য ছিলেন?

উ। তিনি ১৫৪৭ খৃষ্টাব্দে ৯ বৎসর তিনমাস বয়সে তাঁহার পিতৃপদের অধিকারী হয়েন, তিনি অতি প্রিয়দর্শন, বিদ্যাবান এবং ধর্ম্মশীল যুবা ছিলেন, ১৫৫৩খৃষ্টাব্দে ষোড়শ বৎসর বয়ঃক্রমের সময় তাঁহার পরলোক প্রাপ্তি হয়। তিনি স্বীয় পিতৃব্য কন্যা লেডিজেন গ্রেকে রাজ্যার্পণ করিয়া যান, জেন ১০ দশদিন মাত্র রাজত্ব করিয়া সিংহাসন চ্যুত হয়েন এবং এডওয়ার্ডের বৈমাত্রেয় ভগিনী প্রথম মেরি তাঁহার ও তাঁহার স্বামী লর্ড ডডলির মস্তক ছেদন করেন।

চতুস্ত্রিংশ অধ্যায়

মহারাণী মেরির রাজত্ব।

প্র। প্রথম মেরি কে?

উ। অষ্টম হেনেরির কন্যা, ইনি ১৫৫৩ খৃষ্টাব্দে ১ অকটোবরে রাজ্যাভিষিক্ত হয়েন।

প্র। মেরির চরিত্র কিরূপ ছিল?

উ। রোমান কাথলিক মতের প্রতি তাঁহার অত্যন্ত অবৈধ আসক্তি ছিল এবং তিনি অতিশয় দম্ভ ও গর্ব্বশীলা এবং নির্দ্দয়স্বভাবা ছিলেন।

প্র। কাহার সঙ্গে তাঁহার বিবাহ হয়?

উ। স্পেনের দ্বিতীয় রাজা ফিলিপের সঙ্গে।

প্র। মেরির রাজত্বকালে কি কি বিশেষ ঘটনা সংঘটিত হয়?

উ। প্রটেষ্টেন্ট খৃষ্টানদিগের প্রতি বিশেষ বিদ্বেষ ও অত্যাচার হয় এবং স্মিথফিলড ও আর আর স্থানে তন্মতাবলম্বী অধিক লোককে বিধর্ম্মী বলিয়া অগ্নিতে দগ্ধ করিয়া হত্যা করা হয়, এই ঘটনায় প্রসিদ্ধ প্রসিদ্ধ লোকের মধ্যে আর্চবিসপ ক্রাণমার এবং বিসপ লেটিমর হুপর ও রিডলি কেন্সিস হত হয়েন। ইঁহারই রাজত্বের সময় ফ্রান্স রাজ্যে ইংরেজদিগের অধিকারচ্যুত হয়।

প্র। মেরি কতদিন রাজত্ব করেন?

উ। তিনি পাঁচ বৎসর রাজত্ব করিয়া ১৫৫৮ খৃষ্টাব্দের ১৭ নবেম্বরে বেয়াল্লিশ বৎসর বয়সে লোকান্তরিত হয়েন এবং তাঁহার বৈমাত্রেয়া কনিষ্ঠা ভগিনী এলিজেবেথ তাঁহার রাজ্যাধিকারিণী হয়েন?

পঞ্চত্রিংশ অধ্যায়।

মহারাণী এলিজেবেথের রাজত্ব।

প্র। মহারাণী এলিজেবেথ কে?

উ। অষ্টম হেনেরির ঔরস ও আনাবোলিনের গর্ব্ভজাতা কন্যা এবং মেরি ও এডওয়ার্ডের বৈমাত্রেয় ভগিনী।

প্র। তাঁহার কিরূপ চরিত্র ছিল ?

উ। তিনি অসাধারণ বুদ্ধিমতী, অদ্বিতীয় গুণবতী, অসদৃশ প্রভাবতী, মহাতেজস্বিনী ও অতীব প্রিয়বাদিনী ছিলেন তৎকালে প্রচলিত ও অপ্রচলিত প্রায় সকল প্রকার ভাষাই বুঝিতে পারিতেন, নানা প্রকার বিজ্ঞান শাস্ত্রে সবিশেষ নিপুণা ছিলেন এবং পুরাবৃত্ত প্রভৃতি গ্রন্থেও তাঁহার বিলক্ষণ দৃষ্টি ছিল কিন্তু স্কটলণ্ডের রাণী মেরিকে হত্যা করাতেই তাঁহার নাম বিশেষ রূপে কলঙ্কিত হইয়া উঠিল।

প্র। স্কটলণ্ডের রাণী মেরি কে ?

উ। উক্ত স্থানের রাজা পঞ্চম জেম্সের কন্যা এবং এলিজাবেথের ভগিনী। মেরির সৌন্দর্য্য ও দুর্ভাগ্য উভয়ই অসাধারণ।

প্র। মেরি কতদিন ইংলণ্ডে কারারুদ্ধ থাকেন ?

উ। অষ্টাদশ বৎসর, তৎপরে ফদরিংগে নামক দুর্গে তাঁহার মস্তক ছেদন হয়।

প্র। এলিজাবেথের রাজত্বে আর কি কি ঘটনা ঘটে ?

উ। ১৫৮৮ খৃষ্টাব্দে স্পেনীয় লোকেরা ইংলণ্ড জয় করণার্থে আরমেডা যে বিশ্বপ্রসিদ্ধ রণতরী সুসজ্জিত করিয়া যায় বহুসংখ্যক সৈন্যের সহিত সেই রণতরীর নাশ হয়, পূর্ব্বোক্ত রিফর্ম্মেসন কার্য্য সম্পূর্ণরূপে সুসিদ্ধ হইয়া ইংলণ্ডের প্রচলিত খৃষ্টীয় ধর্ম্মের স্থির

সংস্থাপিত হয় এবং আমিরিকা খণ্ডে বর্জিনিয়া নামক স্থান আবিষ্কৃত হয়।

প্র। এলিজেবেথ কতদিন রাজত্ব করেন?

উ। তিনি ৪৫ পঁয়তাল্লিশ বৎসর রাজত্ব করিয়া ১৬০৩ খ্রীষ্টাব্দের ২৬ শে মার্চে ৭০ সত্তর বৎসর বয়সে পঞ্চত্ব প্রাপ্ত হয়েন এবং ইংলণ্ডের প্রথম জেমস্ তাঁহার পর রাজ্যাধিকারী হয়েন। এলিজেবেথের অধিকারে ইংলণ্ড রাজ্য স্বদেশ বিদেশ সর্ব্বত্রই প্রতিষ্ঠান্বিত ও সৌভাগ্যশালী হইয়াছিল।

ষট্‌ত্রিংশ অধ্যায়।

ইংলণ্ড স্কটলণ্ড একাধিকার ভুক্ত

ইংলণ্ডের প্রথম জেমসের রাজত্ব।

প্র। প্রথম জেমস্ কে?

উ। সপ্তম হেনরির কন্যা স্কটলণ্ডের চতুর্থ জেমসের পত্নী মারগ্রেটের প্রপৌত্র এবং তথাকার গত রাণী হতভাগিনী মেরির পুত্র।

প্র। ইহাঁর রাজত্বের সময় কি কি প্রধান ঘটনা ঘটে?

উ। রাজা ও সমস্ত রাজ পরিবারের সহিত মহাসভা

পার্লেমেণ্টস্থ সমুদায় লোককে এককালে বিনষ্ট করিবার নিমিত্ত মহাভারতের জতুগৃহ দাহের ন্যায় ঘোরতর ব্যাপার সাধনার্থ কয়েক ব্যক্তি রোমন কাথলিক মতস্থ দুষ্ট লোক কর্ত্তৃক ১৬০৫ সালে বারুদ জ্বালাইবার কুমন্ত্রণা এবং বিশ্ব প্রসিদ্ধ সার ওয়াল্টর রেলির মস্তক ছেদন।

ঐ কুমন্ত্রণাকারী দুষ্টেরা কি প্রকার বারুদ জ্বালাইবার মন্ত্রণা করিয়াছিল?

যে গৃহে পার্লেমেণ্টের সভা হইত তাহারা কয়লার ব্যবসায় করিবার ছলে সেই গৃহের নীচেকার একটি সব ভাড়া লইয়া তাহাতে বারুদ পূর্ণ করিয়া অগ্নি প্রদান করিবার সমস্ত আয়োজন প্রস্তুত করিয়া কতকগুলি শুষ্ক কাষ্ঠ ও পাথুরিয়া কয়লার দ্বারা ঐ বারুদ ঢাকা দিয়া রাখিয়াছিল এবং উহাতে অগ্নি সংযোগ করিবার জন্য গাইফক্স নামক যে ব্যক্তি একটি কাল লণ্ঠন, টীকার বাক্স, এবং কতকগুলি টীকাদে-শলাই সঙ্গে লইয়া বসিয়াছিল, অনুসন্ধান দ্বারা সেব্যক্তি অমনি ঐ অবস্থায় সেই স্থানেই ধৃত হয়।

কিপ্রকারে ঐ কুমন্ত্রণা ব্যক্ত হইল?

কুমন্ত্রণাকারিদিগের মধ্যে এক ব্যক্তি লর্ড মণ্টিগল্কে ঐ দিবস পার্লেমেণ্ট সভায় হইতে নিষেধ করিয়া পত্র লেখাতেই সন্দেহ উপস্থিত হইয়া ক্রমে অনুসন্ধান দ্বারা উহা ব্যক্ত হইয়া পড়িল।

প্র। সার ওয়ালটর রেলি কে?

উ। একজন প্রসিদ্ধ নাবিক ও ইতিহাস লেখক।

প্র। জেমস কত বয়সে ইংলণ্ডের রাজপদে অভিষিক্ত হয়েন?

উ। ৩২ বৎসর বয়সে। তিনি ২২ বৎসর ইংলণ্ডের সিংহাসনে রাজত্ব করেন এবং ১৬২৫ খৃষ্টাব্দে ৫৮ বৎসর বয়সে কালগ্রস্ত হয়েন। এক বৎসর বয়ঃক্রমের সময় তিনি স্কটলণ্ডের রাজ সিংহাসনে অভিষিক্ত হয়েন।

প্র। তাঁহার রাজত্বের অবস্থা কি প্রকার?

উ। তাঁহার রাজত্ব বিলক্ষণ কুশলে ও নিরুপদ্রবেই গত হয়। প্রজা লোকের উন্নতি ও বিদ্যা বিষয়ের বিশেষ প্রাদুর্ভাব হয়। বাইবেল গ্রন্থের এক্ষণে যে ইংরেজি অনুবাদ দেখিতে পাওয়া যায় তাহা সেই সময়ই রাজাদেশানুসারে অনুবাদিত হইয়া প্রচারিত হয়।

সপ্তত্রিংশ অধ্যায়।

প্রথম চার্লসের রাজত্ব।

প্র। প্রথম চার্লস কে?

উ। প্রথম জেমসের দ্বিতীয় পুত্র, তিনি ১৬২৫ খৃষ্টাব্দের ২৭শে মার্চ্চে পিতৃপদের অধিকারী হয়েন।

প্র। ইহাঁর সময় কি কি প্রধান ঘটনা ঘটে ?

উ। চার্লসের এবং পার্লেমেন্টের সঙ্গে পরস্পর ঘরাও সঙ্গ্রাম, লার্ড ষ্ট্রাফোর্ডের, আর্চবিসপ লডের এবং অবশেষে রাজার প্রাণদণ্ড হয়। পার্লেমেন্ট রাজাকে ধৃত ও কারাবদ্ধ করিয়া ১৬৪৯ খৃষ্টাব্দের ৩০ শে জানুয়ারিতে তাঁহার মস্তক ছেদন করেন।

প্র। ইহাঁর রাজত্বের সময় কি কি বিষয়ের আবিষ্ক্রিয়া ও নূতন সৃষ্টি হয় ?

উ। তাপমান ও বাতমান যন্ত্রের সৃষ্টি হয়, নিয়মিত রূপে সম্বাদ পত্র প্রচারিত হইতে আরম্ভ হয়, বিশ্বপ্রসিদ্ধ উইলিএম হার্ব্বি শরীর মধ্যে শোণিত সঞ্চরণের নিয়ম ও পদ্ধতি সুন্দররূপে আবিষ্কৃত করেন এবং কাফি ইংলণ্ডে প্রথম আসিতে আরম্ভ হয়।

অষ্টত্রিংশ অধ্যায়।

সাধারণ তন্ত্র।

প্র। কোন্ সময় অলিবর ক্রমওএল ইংলণ্ডের রক্ষক স্বরূপে পরিগৃহীত হয়েন ?

উ। ১৬৫৩ খৃষ্টাব্দে অর্থাৎ সাধারণ তন্ত্র আরম্ভ হইবার চারি বৎসর পরে, ঐ চারি বৎসর পার্লেমেণ্ট কর্ত্তৃক রাজ্যের সমস্ত কার্য্য নির্ব্বাহিত হয়।

প্র। ক্রমওএল কত দিন রক্ষক ছিলেন

উ। প্রায় পাঁচ বৎসর। ১৬৫৮ খৃষ্টাব্দের, ৩' সেপ্টেম্বরে তাঁহার লোকান্তর প্রাপ্তি হয় এবং তাঁহার পুত্র রিচার্ড ক্রমওএল তাঁহার পদের অধিকারী হয়েন। ইনি উক্ত পদে অভিষিক্ত হইবার অল্প দিন পরেই বিষয় বিরত হইয়া নিশ্চিন্ত অবস্থায় কালযাপন করিতে লাগিলেন।

প্র। অলিবরের চরিত্র কিরূপ?

উ। তিনি অত্যন্ত সাহসী, দুরাকাঙ্ক্ষ, ও কপটী ছিলেন।

প্র। তাঁহার সময়ের প্রধান ঘটনা কি কি?

উ। ওলন্দাজদিগের সহিত সংগ্রাম হওয়াতে তাহারা তরীযুদ্ধে বার বার পরাভূত হয় এবং আমিরিকাখণ্ডের জেমেকা ব্রিটিস অধিকার ভুক্ত হয়। মহাকবি মিলটন এই সময় প্রাদুর্ভূত হয়েন এবং তিনি রাজার নিকট লাটিন ভাষার সম্পাদকের পদে নিযুক্ত থাকেন। হটীংডন নামক স্থানে ক্রমওএলের বাস ছিল।

ঊনচত্বারিংশ অধ্যায়।

রাজতন্ত্রের পুনরুদ্ভব।

দ্বিতীয় চার্লসের রাজত্ব।

প্র। দ্বিতীয় চার্লস কে?

উ। প্রথম চার্লসের পুত্র, ১৬৩০ খৃষ্টাব্দের ২০ মে

ইঁহার জন্ম হয়। ১৬৪৬ খৃষ্টাব্দের ৩ জুলাই তিনি জরসি হইতে ফ্রান্স গমন করেন এবং ১৬৬০ সালের মে মাসে হোয়াইট হাল নামক স্থানে উপস্থিত হইয়া তিনি রাজ্যের পুনরুদ্ধার করেন এবং ঐ মাসের ২৯ তারিখে তাঁহার জন্ম দিনে সর্ব্বতোভাবে জয়-লব্ধ রাজপদ প্রাপ্ত হইয়া লণ্ডন নগরে প্রবেশ করেন।

প্র। তাঁহার রাজত্বে কি কি প্রধান ঘটনা ঘটে ?

উ। ১৬৬৫ সালে লণ্ডনে প্রসিদ্ধ মারীভয় উপস্থিত হয় এবং তাহার পর বৎসর উক্ত নগরে ভয়ঙ্কর অগ্নিদাহের ঘটনা হয়। রয়াল সোসাইটী নামক প্রসিদ্ধ সভা সংস্থাপিত হয় এবং টেষ্টআক্ট নামক আইন জারি হয়।

প্র। এই সময় কোন্ কোন্ মহানুভব ব্যক্তি আবির্ভূত হয়েন ?

উ। সাপ্টসবেরি, বইল, ড্রাইডেন, অর্টওএ, বটলর, হবস, টেম্পল, ওয়ালর, কাউলি, হেলি, এবং আরল্ অব্ ক্লারেণ্ডান। ইনি ২৪ বৎসর রাজত্ব করিয়া ১৬৫৮ খৃষ্টাব্দের ৬ ফেব্রুয়ারিতে ৫৫ বৎসর বয়সে লোকান্তরিত হয়েন এবং তাঁহার সহোদর জেমস্ পরে রাজ্যাধিকারী হয়েন।

চত্বারিংশ অধ্যায়।

দ্বিতীয় জেম্‌সের রাজত্ব।

প্র। দ্বিতীয় জেম্‌স রাজার চরিত্র কিরূপ ছিল?

উ। তিনি রোমীয় মতে অত্যন্ত অনুরক্ত ছিলেন এবং একাধিপত্য বড় ভাল বাসিতেন।

প্র। তাঁহার সময় কি কি ঘটনা ঘটে?

উ। ডিউক অব মনমাউথ রাজবিদ্রোহী হইয়া টণ্টন নামক স্থানে স্বয়ং রাজা হয় কিন্তু পরে ধৃত ও কারাবদ্ধ হইয়া লণ্ডন নগরে মস্তক ছেদনে হত হয়।

প্র। মনমাউথের ডিউক কে?

উ। দ্বিতীয় চার্লসের জারজ পুত্র।

প্র। জেমসের পরিণামে কি হয়?

উ। তিনি রোমান কাথলিক মত সংস্থাপনে ও একাধিপত্য করণে উৎসুক হওয়াতে তাঁহাকে রাজ্যভ্রষ্ট হইতে হইয়াছিল। তিনি তিন বৎসর ৯ মাস রাজত্ব করিয়া ফ্রান্স রাজ্যে প্রস্থান করেন এবং সেই খানেই তাঁহার পরলোক প্রাপ্তি হয়।

প্র। তিনি কয়টি সন্তান রাখিয়া যান?

উ। তিন, জেমস্‌ মেরি এবং আন।

একচত্বারিংশ অধ্যায়।

রাজবিপ্লব।

তৃতীয় উইলিএম এবং দ্বিতীয় মেরির রাজত্ব।

প্র। তৃতীয় উইলিএম কে?

উ। প্রিন্স অব অরেঞ্জ উইলিএমের পুত্র প্রথম চার্লসের কন্যা হেনেরিএটা মেরিয়ার গর্ভে হেগ নামক স্থানে ১৬৫০ সালে ইঁহার জন্ম হয় এবং দ্বিতীয় জেমসের জ্যেষ্ঠা কন্যার সহিত ইঁহার বিবাহ হয়।

প্র। উক্ত রাজকুমারের চরিত্র কিরূপ ছিল?

উ। ইনি অত্যন্ত যোদ্ধা ছিলেন এবং প্রটেষ্টেণ্ট মতের ও সামাজিক স্বতন্ত্রতার সম্পূর্ণ অনুকূল ছিলেন।

প্র। মেরির চরিত্র কি রূপ ছিল?

উ। মেরিও অত্যন্ত সৎস্বভাবা ছিলেন তাঁহার সৌন্দর্য্য মাধুর্য্য ও গাম্ভীর্য্য সকলই প্রশংসনীয়। তাঁহার পিতা যদিও অত্যন্ত পোপমতানুরক্ত ছিলেন। কিন্তু তাঁহার প্রটেষ্টেণ্ট মতে ঐকান্তিকী শ্রদ্ধা ছিল। তিনি ১৬৬৪ সালে উইলিএমের অগ্রে লোকান্তরিত হয়েন।

প্র। এই রাজত্বের প্রধান ঘটনা কি কি?

উ। আয়রলণ্ডান্তর্গত বৈএনের যুদ্ধে জেম্‌সের পরাজয়। কেপ্‌ লা হোগ নামক স্থানের যুদ্ধে ফ্রেঞ্চ সেনার পরাজয় এবং বেঙ্ক অব ইংলণ্ডের সংস্থাপন।

প্র। এই সময় কোন্ কোন্ প্রধান লোক প্রাদুর্ভূত হয়েন ?

উ। নিউটন, লক, টিলট্সন, প্রায়র এবং বর্ণেট।

প্র। উইলিএম এবং মেরির কি কোন সন্তান ছিল ?

উ। না। দ্বিতীয় জেম্সের দ্বিতীয়া কন্যা পরে রাজ্যাধিকারিণী হয়েন। ডেনমার্কের রাজার ভ্রাতা কুমার জর্জের সহিত ইহাঁর বিবাহ হয়।

দ্বিচত্বারিংশ অধ্যায়।

মহারাণী আনের রাজত্ব।

প্র। আনের চরিত্র কি রূপ ?

উ। আনের অনেক প্রকার সদ্গুণ ছিল, বিশেষত তাঁহার অসাধরণ দয়া ধর্ম্মের নিমিত্তই সকল লোকে তাঁহার প্রতিষ্ঠা করে।

প্র। তাঁহার রাজত্বে কি কি ঘটনা ঘটে ?

উ। মারল বরোর প্রধান ডিউক ব্লেনহেম, রামিলিজ এবং অন্য স্থানে অনেক সংগ্রামে জয় লাভ করেন। সর জর্জ রুকের নিকট ফ্রান্স এবং এস্পেন উভয় দেশীয় মিলিত সেনার বহর পরাভূত হয়, জিব্রেল-

টার নামক স্থান আক্রান্ত ও লুঠিত হয় এবং ইংলণ্ড ও স্কটলণ্ড উভয় রাজ্য একত্রীভূত হইয়া গ্রেটব্রিটেন নামে উক্ত হয়।

প্র। আনের কয়টি সন্তান ছিল?

উ। ছয়টি, কিন্তু তাহারা সকলেই অতি শৈশবাবস্থাতেই মরিয়া যায়. মহারাণী আন ১২ বৎসর ছয় মাস রাজত্ব করিয়া ১৭১৪ খৃঃ সালে কালগ্রস্ত হয়েন।

প্র। তাঁহার সময় কোন্ কোন্ প্রসিদ্ধ বিদ্বান লোক বিদ্যমান ছিলেন?

উ। পোপ, স্যুইফট, কনগ্রিব, রাউ, প্রায়র, ফিলিপ্স, গে, বলিঙ্গ্ব্রোক, সাফটস্‌বেরি, এডিসন, ষ্টিল, ইত্যাদি।

ত্রিচত্বারিংশ অধ্যায়।

ব্রন্স্‌উইক অথবা হানোবর বংশ।

প্রথম জর্জের রাজত্ব।

প্র। আনের পর কে রাজা হয়?

উ। ১৭১৪ খৃষ্টাব্দে প্রথম জর্জ রাজপদে অভিষিক্ত হয়েন। তিনি ইতিপূর্ব্বে হানোবর, ব্রনজ্উইক, এবং

নুনবর্গের ইলেক্টরের পদে অভিষিক্তছিলেন; তাঁহার মাতা সোফায়া প্রথম জেম্‌স রাজার দৌহিত্রী এবং প্রটেষ্টন্ট মতাবলম্বির মধ্যে নিকট উত্তরাধিকারিণী বলিয়াই তিনি রাজ্যাধিকারী হয়েন। তিনি অতিশয় দয়াল, এবং প্রজাবৎসল ছিলেন।

প্র। ইঁহার রাজত্বে কি কি প্রধান ঘটনা ঘটে?

উ। ১৭১৫ খৃষ্টাব্দে স্কট লোকেরা দ্বিতীয় জেমে্‌স রাজার পোষক ও সপক্ষ হইয়া বিষম রাজবিদ্রোহ উপস্থিত করে কিন্তু তাহা শীঘ্রই নিবারণ হইয়া যায় এবং ঐ দাওয়দার রাজকুমার অবশেষে ফ্রান্স রাজ্যে প্রস্থান করে। হানোবরের ইলেক্টরের অধিকার ব্রিটিশ রাজ্যভুক্ত হয়।

প্র। আর কোন্‌ বিষয়ের ঘটনা হইয়া ছিল?

উ। বসন্ত রোগ নিবারণের নিমিত্ত ইংলণ্ডে টীকা দিবার পদ্ধতি প্রথম প্রচলিত হইতে আরম্ভ হয় এবং ১৭২১ সালে দুই ব্যক্তি দণ্ডার্হ অপরাধীর শরীরে টীকা দিয়া উহা পরীক্ষায় উত্তীর্ণ হয়। অপরাধীরা টীকা লইতে সম্মত হওয়ায় দণ্ড হইতে অব্যাহতি পায়। সাউথসি নামক এক সম্প্রদায় বণিক রাজসংক্রান্ত সমস্ত ঋণ পরিশোধের ভার গ্রহণ করিয়া প্রতারণা করায় বহুলোক হৃত সর্ব্বস্ব হইয়া একেবারে নিস্ব হইয়া যায়।

প্র। রাজার কত বয়সে মৃত্যু হয়?

উ। তিনি ১৩ বৎসর রাজত্ব করিয়া ৬৮ বৎসর বয়সে ১৭২৭ খৃষ্টাব্দের ১১ জুনে অস্নেবর্গ নামক স্থানে কালগ্রাসে পতিত হয়েন।

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

দ্বিতীয় জর্জের রাজত্ব।

প্র। প্রথম জর্জের পর কে রাজা হয়?

উ। তাঁহার পুত্র দ্বিতীয় জর্জ। ইনি ১৭২৭ অবধি ৬০ খৃষ্টাব্দের অকটবর পর্য্যন্ত রাজত্ব করিয়া ৭৭ বৎসর বয়সের সময় অকস্মাৎ মৃত্যু গ্রস্ত হয়েন।

প্র। ইঁহার রাজত্বে কিকি প্রধান ঘটনা ঘটে?

উ। ১৭৪০ সালে তামস নদী বরফে জমিয়া যায় এবং তাহার উপর বাজার বসে। ১৭৪৫ সালে স্কটেরা পুনর্ব্বার সেই দাওয়াদার রাজকুমারের অনুকূল হইয়া রাজবিদ্রোহ উপস্থিত করিয়া কল্ডেন নামক স্থানে পরাজিত হয়। ওএষ্টমিনিষ্টর ব্রিজ নামক পুল নির্ম্মিত হয় এবং এডমিরেল এনসন পোতারোহণে সমুদয় ভূমণ্ডল প্রদক্ষিণ করেন এবং প্রচুর অর্থ সহকারে এস্পেন দেশীয় একখানি পোত প্রাপ্ত হয়েন।

প্র। এসময় সমর সংক্রান্ত কোন বিষয় ঘটিয়াছিল কি না?

উ। ডেটিনগেন এবং ফন্টেনয় নামক স্থানে ঘোরতর যুদ্ধ হয়, ১৭৪৮ খৃষ্টাব্দে কন্টিনেন্টে এক সংগ্রাম হইয়া এক্লেলা চেপ্লি নামক লজ্জা ও কলঙ্কাবহ মন্ধি দ্বারা তাহার শেষ হয়। কর্ণেল ক্লাইব প্রভৃতি সৈন্যাধ্যক্ষদিগের বীরত্ব প্রভাবে ভারতবর্ষে রাজত্ব লাভ হয়, কোয়েবেক শুদ্ধ উত্তরাংশ আমিরিকার অনেক স্থান ব্রিটিসের হস্তগত হয় এবং সেনাপতি উল্ফের পতন হয়।

প্র। দ্বিতীয় জর্জের কয় সন্তান ছিল?

উ। সাত, দুইপুত্র পাঁচ কন্যা, তম্মধ্যে জ্যেষ্ঠপুত্র ফ্রেডেরিক প্রিন্সঅব ওএলেস্ পিতা সত্ত্বেই নয়টি সন্তান রাখিয়া গত হয়েন। ফ্রেডেরিকের জ্যেষ্ঠ পুত্র তৃতীয় জর্জ পিতামহের উত্তরাধিকারী হয়েন।

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

তৃতীয় জর্জের রাজত্ব।

প্র। তৃতীয় জর্জ কোন্ সময় পিতামহের রাজ্যের অধিকারী হয়েন?

উ। ১৭৬০ সালের ২৫ অক্টোবরে প্রায় ২২ বৎসর বয়সের সময় মেকেলেন বর্গের রাজকন্যা সারলেট সোফায়ার সহিত তাঁহার বিবাহ হয় এবং ১৭৬১ সালের ২০ সেপ্টম্বরে তাঁহাদিগের অভিষেক হয়।

প্র। ইহাঁর রাজত্বের সময় কি কি বিশেষ ঘটনা ঘটে?

উ। উত্তর আমিরিকার কোন কোন স্থানের নূতন বাসেন্দা লোকের সহিত যুদ্ধ হইয়া ক্রমে সেই সূত্রে তাহারা ব্রিটিশের অধীনতা পরিত্যাগ পূর্ব্বক ১৭৭৬ খৃষ্টাব্দে একেবারে স্বাধীন হয় এবং ১৭৭৭ সালে ফ্রান্স এস্পেন ও হলাণ্ডের সহিতও যুদ্ধ আরম্ভ হয়।

প্র। কোন্ বিষয় লইয়া ঐ সময় ভয়ানক গোলমাল হয়?

উ। রোমান কাথলিক ধর্ম্ম লইয়া ঐ সময় লণ্ডনে বিষম ডাগাডোল উপস্থিত হয়। বহু সংখ্যক প্রটেষ্টন্ট মতাবলম্বি দলবদ্ধ হইয়া কাথলিক মতস্থ লোকের প্রতি অত্যাচার করিতে উন্মত্ত হইয়া লণ্ডন নগরে নানাস্থানে ঘোরতর অনিষ্ট সাধন করে অবশেষে একপ্রকার যুদ্ধের ন্যায় উদ্যোগ করিয়া রাজশাসন ও রাজ সৈন্য দ্বারা তাহাদিগকে শান্ত করিতে হয়।

প্র। উক্ত সময়ের বিশেষ গৌরব সূচক কার্য্য কি?

উ। লার্ডহুড, হাউ, সেন্টবিনসেন্ট, ডনকান এবং নেলসন প্রভৃতি প্রধান প্রধান সৈন্যাধ্যক্ষেরা জলপথে ভারি ভারি যুদ্ধে ক্রমাগত জয়ী হয়েন। ১৮০১

সালে ইংলণ্ড এবং আয়ারলণ্ড উভয় রাজ্য একত্রীভূত হয় এবং ১৮০৭ সালের যে সময় মেষ্টর ফক্স প্রধান রাজকর্ম্ম চারির পদে নিযুক্ত থাকেন তৎকালে আমিরিকার ক্রীত দাসের ব্যবসায় একেবারে উঠিয়া যায়।

প্র। কি নিমিত্ত আমিরিকার সঙ্গে যুদ্ধ ঘটনা হয়?

উ। সরকারি রাজস্বের আনুকূল্যের জন্য আমিরিকার নব বাসেন্দালোকদিগের বাণিজ্যের উপর কিছু কিছু অতিরিক্ত মাস্থুল নির্দ্দিষ্ট করাতে তাহারা প্রথমত তাহা দিতে অসম্মত হইলে রাজপক্ষ হইতে ঐ মাস্থুল আদায়ের চেষ্টা করা হয় এবং তাহাতে ঐ বাসেন্দা লোকেরা একেবারে সুস্পষ্ট রূপে রাজ শাসন অগ্রাহ্য করিতে আরম্ভ করে।

প্র। ফ্রান্স রাজ্যে কোন সময় রাজবিপ্লব উপস্থিত হয়?

উ। ১৭৮৯ খৃষ্টাব্দে রাজবিপ্লবের আরম্ভ হয় এবং তত্রস্থ প্রজাবর্গ রাজশৃঙ্খল হইতে মুক্ত হইবার মোহে মুগ্ধ হইয়া একেবারে শাসন প্রণালী উচ্ছিন্ন করিয়া ফেলাতে সর্ব্বত্র অরাজক হইয়া উঠে ও বহুকাল পর্য্যন্ত নানাপ্রকার যুদ্ধ বিগ্রহ হইয়া নানাস্থানে নানাপ্রকার অনিষ্ট ও অত্যাচার হয়, বিস্তর লোকের প্রাণ নষ্ট হয় এবং কিছুদিন উক্ত রাজ্য রক্তপ্লাবিত রণস্থলের ন্যায় ভয়ানক মূর্ত্তিধারণ করিয়া থাকে।

রাজা ষোড়শ লুই স্বীয় রাজ্ঞী এবং বহুজন অমাত্য ও অগণনীয় অন্যান্য প্রকার লোক সহকারে এই দুর্ঘটনায় হত হয়েন।

প্র। এই সময় ইংলণ্ডের সহিত কোথায় কোন্ সঙ্গ্রাম হইয়া ছিল?

উ। এই সময় ভারতবর্ষান্তর্গত মহীশূর রাজ্যের রাজা টিপুসুলতানের সহিত আরল্ অব কর্ণেওয়ালিসের যুদ্ধ হয় এবং রাজা এই যুদ্ধে অসমসাহস পূর্ব্বক শ্রীরঙ্গ পত্তন রক্ষা করিতে গিয়া নিহত হয়েন। তাঁহার সন্তানেরা ধৃতও কারাবদ্ধ হওয়াতে তদবধিই উক্ত রাজ্যের পতন হয়।

প্র। ফ্রান্সের রাজবিপ্লব ঘটনায় কি ইংলণ্ড রাজ্যের শান্তির কোন ব্যাঘাত হইয়া ছিল?

উ। হাঁ হইয়া ছিল, লুইর মৃত্যুর পর উক্ত রাজ্যের সহিত ইংলণ্ডের এবং হলণ্ডের যুদ্ধ আরম্ভ হয়। অষ্ট্রিয়া এবং প্রুসিয়া রাজ্যও স্ব স্ব রক্ষার নিমিত্ত পূর্ব্বে উহার সহিত সঙ্গ্রামে প্রবৃত্ত হইয়া ছিল কিন্তু অবশেষে ভীত হইয়া ফ্রান্স কর্ত্তৃক ছিন্ন ভিন্ন হইয়া পড়িল।

প্র। এই যুদ্ধ উপলক্ষ্যে ক্রমে কি ঘটিয়া উঠিল?

উ। ইউরোপের অন্যান্য সকল দেশীয় লোক ফরাসদিগের নিকট পরাভূত হওয়াতে অবশেষে তাহাদিগের

অনুগত হইয়া সন্ধি স্থাপন করিল এবং একমাত্র ইংলণ্ড রাজ্যের সহিতই যুদ্ধ চলিতে লাগিল।

প্র। এই সময় কোন্ ব্যক্তি ফ্রান্স রাজ্যের উপর কর্ত্তা ছিল?

উ। রাজবিপ্লবের সময় নানাব্যক্তি নানামতে কর্ত্তৃত্ব করিয়া ছিল অবশেষে এক প্রকার নির্দ্দিষ্ট গবর্ণমেণ্ট স্থির হইয়া তিন ব্যক্তি কনসল অর্থাৎ বিচারপতি নিযুক্ত হইল তন্মধ্যে নেপোলিয়ান বোনাপার্টিই সর্ব্ব প্রধান। নেপোলিয়ান কর্শিকাদেশের মনুষ্য এবং ফ্রান্সের একজন সৈন্যাধ্যক্ষ ছিলেন অবশেষে তিনি ঐ তিন জন বিচারপতি থাকিবার প্রণালী উঠাইয়া দিয়া স্বয়ংই সম্রাট্ হইলেন।

প্র। এই সময় আরও কি কতকগুলি বিশেষ বিশেষ যুদ্ধে জয় লাভ হয় না?

উ। হাঁ মিসরেতে হইয়াছিল। ফরাসেরা বোনাপার্টিকে সৈন্যাধ্যক্ষ করিয়া উক্ত রাজ্য জয় করিবার জন্য এক দল সেনা প্রেরণ করে। লর্ড নেলসন আবুকর নামক সমুদ্রমুখে তাহাদিগের রণতরি সকল আক্রমণ পূর্ব্বক বিস্তর লোক ও জাহাজ সংহার করিয়া একেবারে পরাভব করেন। এই ঘটনা তদবধি নীল নদীর জয়লাভ বলিয়া প্রসিদ্ধ হয়। সার রালফ্ আবরক্রম্বী ও ফরাসী সৈন্যদিগকে কতবার পরা-

করেন। আবারক্রম্বী জয়লাভ করিবার পরে কালগ্রস্ত হয়েন। এই সকল ব্যাপার সংঘটিত হওয়াতে শত্রুরা মিসরের আশা একেবারে পরিত্যাগ করে।

প্র। কোন্ সময় ইংলণ্ড ও ফ্রান্সের পরস্পর যুদ্ধের শেষ হয়?

উ। ১৮০২ খৃষ্টাব্দে এমিএন্সের সন্ধি দ্বারা একবার সমস্ত যুদ্ধ বিগ্রহের সমাপ্তি হয়, কিন্তু ফ্রান্সাধিপের অসঙ্গত রাজ্য তৃষ্ণা নিবৃত্ত না হওয়াতে পর বৎসরেই আবার উভয় রাজ্যে সমরানল প্রজ্বলিত হইয়া

প্র। পুনর্ব্বার যুদ্ধ সংঘটন হইলে কি ইংলণ্ডের পক্ষে জলপথে জয় লাভ হইয়াছিল?

উ। হাঁ হইয়াছিল। চিরস্মরণীয় ট্রাফেলগারের যুদ্ধে মহাবীর এডমিরেল নেলসন সর্ব্বতোভাবে জয়লাভ করিয়া দুর্ভাগ্যবশতঃ অবশেষে আপনি হত হয়েন; তাঁহার মর্য্যাদার নিমিত্তে তাঁহার দেহ লইয়া সেণ্টপল্স নামক সমাধি ক্ষেত্রে অতি সমারোহ পূর্ব্বক অন্ত্যেষ্টিক্রিয়া করা হয় এবং তাঁহার মৃত্যুতে দেশস্থ সমস্ত লোকই দুঃখিত হয়েন।

প্র। ফরাসদিগের হস্ত হইতে রক্ষা পাইবার নিমিত্ত কি এস্পেন এবং পর্টুগেল রাজ্য ইংলণ্ডের শরণাগত হইয়াছিল?

উ। হাঁ হইয়াছিল, তাহাদিগের রক্ষার নিমিত্ত সেনাপতি সার আরথর ওএলজেলির অধীনে বহু সংখ্যক সৈন্য প্রেরিত হয় এবং তিনি পর্টুগাল রাজ্যকে শত্রু হস্ত হইতে মুক্ত করেন। তদনন্তর তিনি এস্পেন রাজ্যের মধ্যে আলমিদা, আল বুরা, টালাবিরা এবং বিটোরিয়া নামক স্থানে বারম্বার জয় লাভ করাতে বিপক্ষেরা উক্ত রাজ্যও পরিত্যাগ করিয়া প্রস্থান করে।

প্র। ব্রিটীশ সেনাপতি কি তাহার পর আরও যুদ্ধ করিয়া জয়লাভ করিয়াছিলেন ?

উ। হাঁ, তিনি ফ্রান্স, রাজ্যস্থিত পিরানিজ পর্ব্বত পর্য্যন্ত শত্রুদিগের পশ্চাৎ পশ্চাৎ গমন করেন এবং অবশেষে টাউলাউস নামক স্থানে তাহাদিগকে পরাভূত করেন। এই সময় অন্য দিক্ হইতে এস্পেন প্রভৃতির সহকারি যোদ্ধারা পারিস নগর আক্রমণাভিমুখে ধাবমান হয়।

প্র ১৮০৭ খৃষ্টাব্দে কি বিশেষ ঘটনা ঘটে ?

উ। দিনামারিদিগের রণতরি সকল ফ্রান্সের অধীন হইয়া যুদ্ধ করিবে. ব্রিটিস গবর্ণমেণ্ট এই সংবাদ প্রাপ্ত হইয়া এডমিরাল গ্যাম্বীয়ার এবং লর্ড কাথকটকে জল স্থল উভয় পথের সৈন্য সঙ্গে দিয়া কোপেনহেগেন নামক নগরে প্রেরণ করিলেন এবং

তাঁহারা ১৮০৭ সালের ৭ সেপ্টেম্বরে দিনামার-দিগের সহিত কতকগুলি নিয়ম বদ্ধ করিয়া তাঁহা-দিগের সমস্ত সেনার বহর অর্থাৎ ১৮ খানি বড় জাহাজ ১৫ খানি মাঝারি জাহাজ ছয় খানি ছোট জাহাজ এবং ২৫ খানি গনবোট সমস্ত অস্ত্র শস্ত্র ও যুদ্ধ উপকরণের সহিত আপনাদিগের হস্তগত করি-লেন।

প্র। ১৮১২ খৃষ্টাব্দে কি বিশেষ ঘটনা ঘটে ?

উ। ঐ বৎসর বেলিংগাম নামক এক ব্যক্তি ইংলণ্ডের প্র-ধান রাজমন্ত্রী রাইট অনরিবিল এস্পেনসর পর্শী-বেলকে গোপনে হত্যা করে।

প্র। কোন্ স্থানে এই দুর্ঘটনা ঘটে ?

উ। এস্পেন্সর হাউস অব কমন্স নামক মহাসভার দ্বারে প্রবেশ করিবার সময় তাঁহার বক্ষস্থলে যেমন এক গুলি আসিয়া লাগিল অমনি তিনি দুই তিন পা গমন করিয়া " আমাকে খুন করিলে ,, এই কথা বলিয়া ভূতলে পতিত হইলেন।

প্র। হত্যাকারী বেলিংগামের কি হইল ?

উ। সে বিচারে অপরাধী হওয়াতে তাহার প্রাণদণ্ড হয় ?

প্র। ফ্রান্সের অধিপতি কর্ত্তৃক ইংলণ্ডের শুভাশুভ বিষয়ে কি ইউরোপের মধ্যে আর কোন বিশেষ ঘটনা ঘটে নাই ?

উ। ফরাসেরা ইংলণ্ডের বাণিজ্য কার্য্য একেকালে উচ্ছিন্ন করিবার তাৎপর্য্যে অষ্ট্রিয়া, প্রুসিয়া, রুস, হলাণ্ড, স্যুইজরলণ্ড এবং ইটালির অন্তঃপাতি কতিপয় স্থান আপনাদিগের বশীভূত করিয়া এইরূপ নিয়ম বদ্ধ করে, যে তাহাদিগের মধ্যে কোন রাজ্যই আপন বাণিজ্য স্থানে ইংলণ্ডের দ্রব্যাদি ক্রয় বিক্রয় হইতে দিবে না।

প্র। এই প্রকার অসদ্ব্যবহার দ্বারা কি ফ্রান্স রাজ্যের আপনার কোন অনিষ্ট ঘটে নাই?

উ। এইরূপে বল পূর্ব্বক ফরাসেরা সকল স্থান হইতে ইংলণ্ডের বাণিজ্য রহিত করাতে তাহা লোকের পক্ষে ক্রমে অসহ্য হইয়া উঠিল এবং তন্নিমিত্ত রুসেরা ফরাসদিগের সহকারীতা করিতে বিরত হইল বলিয়া তাহাদিগের আক্রমণের নিমিত্ত ফ্রান্স হইতে তিনলক্ষ সৈন্য প্রেরিত হইল।

প্র। রুস আক্রমণে ফরাসেরা কি পর্য্যন্ত কৃতকার্য্য হয়েন?

উ। তাঁহারা প্রথমত মস্কো নামক নগরে উপস্থিত হইয়া তাহা অগ্নিসাৎ করিলেন কিন্তু শীতের প্রাচুর্ভাবে সেনাপতি বোনাপার্টিকে সসৈন্য ফিরিতে হইল। চতুর্দ্দিক হইতে রুস কর্ত্তৃক আক্রান্ত ও উৎপাত গ্রস্ত হইয়া তাঁহার সেনাবর্গ পরাস্ত হইল এবং শারীরিক রোগ ও আর আর প্রকার বিপদে সকল

সৈন্য একেবারে ধ্বংস হইবার উপক্রম হইয়া উঠিল।

প্র। কন্টিনেন্টে ইংলণ্ডের অনুকূলে আর কি ঘটনা সংঘটিত হয়?

উ। রুসরাজ্যে ফরাসদিগের এই প্রকার দুর্দশা হওয়াতে সেই অবসরে অষ্ট্রিয়া এবং প্রুসিয়া রাজ্যও তাহাদিগকে পরিত্যাগ করিয়া রুসদিগের সহিত মিলিত হইল।

প্র। পরে কি হইল?

উ। ইহার প্রতিফল দিবার নিমিত্ত সেনাপতি বোনাপার্টী পর বৎসর সাকসনিতে বহুসংখ্যক সৈন্য সংগৃহীত করেন কিন্তু প্রতি পক্ষেরা সকলে ঐক্য হইয়া আক্রমণ করাতে তিনি লিপজিগের ঘোরতর সংগ্রামে পরাভূত হইয়া সসৈন্য ফ্রান্স রাজ্যে প্রত্যাগমন করেন। বিপক্ষেরা সকলে মিলিত হইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আগমন পূর্ব্বক একেবারে রাজ্যের মধ্যে প্রবেশ করে।

প্র। ব্রিটেন এবং তৎসহকারী সেনাদিগের বীরত্ব প্রভাবে পরিণামে কিপর্য্যন্ত ঘটিয়া উঠে?

উ। নেপোলিয়ান বোনাপার্টী একেবারে পরাভূত হইয়া সিংহাসন পরিত্যাগ পূর্ব্বক ভূমধ্যসাগর স্থিত এলবা নামক দ্বীপে গিয়া পলায়ন করিয়া থাকেন এবং

বিস্তীর্ণ সাম্রাজ্যের পরিবর্ত্তে একটি ক্ষুদ্র দ্বীপের আধিপত্যই তখন তাঁহাকে যথেষ্ট বোধ করিতে হইয়াছিল। এদিকে ফ্রান্সে অষ্টাদশলুই তাঁহার পৈতৃক সিংহাসন অধিকার করিলেন এবং সমর-প্রবৃত্ত রাজাদিগের মধ্যে পরস্পর সকলের সহিতই সকলের সন্ধি নিবদ্ধ হইয়াগেল।

প্র। এই ঘটনায় ইংলণ্ড রাজ্য কি করিয়া ছিলেন?

উ। উপর্য্যুপরি ২০ বৎসর সঙ্গ্রাম করিয়াও অপ্রতিহত ভাবে ইংলণ্ড আপন সহকারী রাজাদিগের আনুকূল্য করিতে প্রস্তুত ছিলেন এবং কখনই কিছুতে পরাংমুখ হয়েন নাই। এই অসামান্য সমর ব্যাপারে ইংলণ্ডের সর্ব্বতোভাবেই শৌর্য্য বীর্য্য ও ধৈর্য্য গাম্ভীর্য্যাদি প্রকাশ পাইয়াছিল।

প্র। পারিসের সন্ধি হইবার পরে ইউরোপ কি প্রকার অবস্থায় অবস্থান করে?

উ। বায়েনা নামক স্থানে ইউরোপের প্রধানপ্রধান রাজাদিগের এক সভা হইয়া যাহাতে সহসা কেহ কাহারও রাজ্যের উপর অত্যাচার করিতে না পারেন এবং কন্টিনেন্টে আর কোন উপদ্রব না ঘটিতে পায় পরস্পর সকলেই এই রূপ সমান সৈন্য সামন্ত রাখিবার প্রস্তাব হয়। তাঁহাদিগের এই প্রস্তাব দ্বারা শীঘ্রই উপকার দর্শে এবং উত্তরকালে বোনাপার্টি

এল্‌বা হইতে প্রস্থান করিয়া যখন পুনর্ব্বার সংগ্রামে সুসজ্জিত হয়েন তৎকালে তাঁহার সম্মুখবর্ত্তী হই-বার সময়ও ঐ প্রস্তাব দ্বারা বিশেষ ফল দর্শে।

প্র। কোন্‌ সময় নেপোলিয়ান বোনাপার্টী এল্‌বা হইতে প্রস্থান করেন ও তিনি কি পর্য্যন্ত কৃতকার্য্য হয়েন?

উ। তিনি ১৮১৫ খৃষ্টাব্দের মার্চ্চমাসে পুনর্ব্বার ফ্রান্স রাজ্যের উপকূলে আসিয়া উপস্থিত হয়েন এবং তাঁহার পূর্ব্বকার অনুগত ও প্রভুভক্ত বহু সংখ্যক সৈন্যের সহিত মিলিত হইয়া রাজধানী পারিস নগ-রাভিমুখে সমর যাত্রা করিয়া অপ্রতিবন্ধকে গিয়া সিংহাসনোপবিষ্ট হয়েন। নৃপতি লুই গেণ্ট নামক স্থানে প্রস্থান করিলেন।

প্র। তাঁহার প্রতিপক্ষ আর আর রাজারা ইহাতে কি করিলেন?

উ। বায়েনায় এই সম্বাদ পৌঁছিবা মাত্রই একদলভুক্ত রাজারা প্রাণপণে নৃপতি লুইর সহায়তা করিয়া রাজ্যাপহারক অনধিকারী নেপোলিয়ানকে সিংহা-সনচ্যুত করিতে প্রতিজ্ঞারূঢ় হইলেন।

প্র। তাঁহাদিগের যত্নে কি ফল দর্শিল?

উ। জয়লাভের নিমিত্ত উভয় পক্ষীয় সেনাই মহা উৎসাহ পূর্ব্বক সুসজ্জিত হইল এবং সমস্ত সহকারী সেনা উপস্থিত হইতে না হইতেই ইংরেজ ওপ্রসিয়ান

সৈন্যদিগেকে জয় করিবার মন্ত্রণায় নেপোলিয়ান একেবারে বেলজিয়ম্ নামক স্থানে অকস্মাৎ প্রচুর সৈন্য প্রেরণ করিলেন। ১৫ই জুন দিবসে তিনি সাম্বর নদী পার হইয়া সেনা রক্ষক প্রুসিয়ানদিগের মধ্য দিয়া নিজ সৈন্য চালিত করত ফ্লিউরসের মধ্যস্থিত লিগ্নী নামক স্থানে ঘোরতর যুদ্ধ করিয়া সেনাপতি ব্লুচরকে পরাভূত করিলেন এবং তাহার পরদিন আর একস্থানে উভয় পক্ষে ভয়ানক সঙ্গ্রাম হইয়া ডিউক অব ব্রন্জ উইক রণস্থলে নিহত হইলেন। সেনাপতি ডিউক অব ওএলিংটনের অধীনস্থ ইংরেজ আইরিস এবং স্কট সৈন্যেরা ইহার প্রতিফল প্রদান করিবার জন্য একেবারে অসংসাহসী হইয়া উঠিল এবং সেনাপতিও অসামান্য শৌর্য্য বীর্য্য গাম্ভীর্য্য ও আর আর নানা প্রকার রণকৌশল প্রকাশ পূর্ব্বক ঐ সালের ১৮ই জুন দিবসে ওয়াটরলু নামক স্থানের সন্নিকটে সর্ব্বতোভাবে জয়ী হইলেন।

প্র। এই যুদ্ধে কোন্ দলে কত সৈন্য ছিল?

উ। সর্ব্বশুদ্ধ বোনাপার্টির অধীনে সার্দ্ধলক্ষ সৈন্য ছিল তন্মধ্যে পঁচিশ হাজার সুশিক্ষিত অশ্বারোহী সৈন্য ছিল। প্রুসিয়ান সেনাপতি ব্লুচর একলক্ষ সৈন্য লইয়া যুদ্ধকরিয়া ছিলেন এবং ডিউক অব ওয়েলিংটনের অধীনে প্রায় সোত্তর হাজার সৈন্য ছিল।

প্র। ওয়াটরলুর যুদ্ধে কি হয়?

উ। প্রসিয়ানেরা উপস্থিত হইতে না হইতে আর আর দলের নিকট ফরাস সৈন্যেরা পরাভূত হইয়া প্রায় পঞ্চাশ হাজার যোদ্ধা সর্দ্দিশত কামান ও আর আর প্রকার যুদ্ধের সরঞ্জাম ফেলিয়া পলায়ন করে। সৈন্যাধ্যক্ষ গাউচিও অবশেষে আপনার সেনা লইয়া ওয়েবর হইতে প্রস্থান করেন এবং ফ্রেঞ্চ সৈন্যেরা আপনাদিগের সম্রাট ছাড়া হইয়া লষার নদী অতিক্রম করিয়া যাত্রা করে।

প্র। এই যুদ্ধে ব্রিটিশ পক্ষের কি হানি হয়?

উ। সৈন্যাধ্যক্ষ সার টমস পিকটন এবং সার ডবলিউ পনসনবী এবং চারিজন সেনা নায়ক হত হয়েন আর নয়জন সৈন্যাধ্যক্ষ পাঁচজন নায়ক এবং কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র আপিসর আহত হয়েন। হত আহত এবং হারান, সর্ব্ব প্রকারে ব্রিটিশ এবং হানোবর সৈন্যেতে তেরোহাজার লোকের অধিক হইবে না।

প্র। এইজয়লাভ দ্বারা কি ফল দর্শে?

উ। ফ্রান্স রাজ্যের সমুদয় বীরত্ব একেবারে ধ্বংস প্রায় হওয়াতে ব্রিটিশ এবং প্রসিয়ানদিগের প্রতিপক্ষতা করিবার আরতাহার কিছুমাত্র শক্তি রহিল না এবং তথাকার যাবতীয় প্রধান প্রধান নগর অচিরে ব্রিটিশ ও প্রসিয়ানের অধীন হইল। ১৪ দিনের মধ্যে শিবির

সকল কোথায় নিশ্চিহ্ন হইয়াগেল এবং প্রজ্বলিত সমরানল একেবারে নির্ব্বাণ হইল।

প্র। অবশেষে বোনাপার্টির কি হইল ?

উ। ফ্রান্সের রাজবংশ পুনর্ব্বার স্বপদস্থ হওয়াতে বোনাপার্টি আস্তে আস্তে পলায়ন করিবার চেষ্টায় ছিলেন কিন্তু তাহা সফল না হইয়া তাঁহাকে পরিশেষে ব্রিটিশের হস্তে পতিত হইতে হইয়া ছিল। তিনি প্রথমত বেরোফন নামক উপকূলে আনিত হইলে তথায় প্লাইমাউথ নামক স্থানে দশদিন ক্ষেপন করেন, অবশেষে ব্রিটিশেরা মন্ত্রণা করিয়া তাঁহাকে সেন্টহেলেনা নামক দ্বীপে প্রেরণ করেন এবং তিনি সেইস্থানেই পাকস্থলীতে নালীক্ষত হইয়া ১৮২১ খৃষ্টাব্দের ৫ই মে দিবসে কালগ্রস্ত হয়েন।

প্র। ইংলণ্ডেশ্বরের শারীরিক অসুস্থতা লইয়া কি একবার বড় আন্দোলন হইয়া ছিল ?

উ। হাঁ। ১৭৮৮ সালে অকস্মাৎ রাজার মতিভ্রম উপস্থিত হইয়া ছিল কিন্তু পর বৎসরেই তাহা সারিয়া যায়। তদনন্তর পুনর্ব্বার ১৮১০ সালে আর এক বার উপস্থিত হয়, তদবধি রাজা আর রাজকীয় কর্ম্ম করিতে অক্ষম হওয়ায় তাঁহার অবশ্যম্ভাবী উত্তরাধিকারী প্রিন্স অব ওয়েলস্ই রিজেন্ট অর্থাৎ রাজপ্রতিনিধিরূপে তৎ কর্ম্ম সাধন করিতে লাগিলেন।

প্র। অলজরনিস * দিগের দৌরাত্ম্য নিবারণ করাতে কি ইংলণ্ডের মহাযশ বিস্তৃত হয় নাই?

উ। হাঁ হইয়া ছিল, উহারা জলপথে বোম্বেটেদিগের মত দস্যুবৃত্তি করিয়া সর্ব্বদা ইউরোপের নানা স্থানীয় বাণিজ্য পোত ও অপরাপর তরির উপর অনন্ত অত্যাচার করিত, ক্রমে তাহাদিগের দৌরাত্ম্য সমুদ্র বাহী বণিক ও অপর লোকের পক্ষে অসহ্য হইয়া উঠিল দেখিয়া ১৮১৬ খৃষ্টাব্দে লর্ড একেসমাউথ ব্রিটিশ গবর্ণমেণ্টের আদেশানুসারে এক যুদ্ধের বহর সুসজ্জিত করিয়া তাহাদিগের শাসনার্থ যাত্রা করিলেন। তিনি প্রথমে ভদ্রতা করিয়া অতি শিষ্ট ব্যবহারে গিয়া ঐ দস্যুদিগের রাজার সহিত সাক্ষাত করিলেন এবং সে তাঁহার প্রস্তাব শ্রবণ করিয়া তিনি যেমন কহিলেন সেইরূপ হইবে অর্থাৎ আর কখন উক্ত প্রকার অত্যাচার হইবেনা এইরূপ আশ্বাস দিয়া তাঁহাকে বিদায় করিলেন। কিন্তু তাঁহার বিদায়ের পরেই আবার পূর্ব্বমত দৌরাত্ম্য হইতে লাগিল, ইহাতে গবর্ণমেণ্ট পুনর্ব্বার উক্ত লর্ডকে তাহাদিগের শাসনার্থ যাত্রা করিতে আদেশ করিলেন।

প্র। তিনি এযাত্রা গিয়া কি করিলেন?

উ। তিনি এযাত্রা মহাক্রুদ্ধ হইয়া আপন দলবল সমভিব্যাহারে গমন পূর্ব্বক কতকগুলি ওলন্দাজী সৈন্য

* অলজিরস নামক স্থানের মনুষ্য।

সহায় করিয়া একেবারে ঐ দস্যুদিগের নগরে গোলা বৃষ্টি করতঃ আক্রমণ করিলে ক্রমে তাহাদিগের নগরের অধিকাংশ ধ্বংস করিয়া ফেলিলেন এবং সমস্ত রণতরি কেল্লা ও গোলা গুলি প্রভৃতি যাবতীয় সমরায়োজন নষ্ট করিলেন। ইহাতে ভয়ানক ব্যপার হইয়া উঠিল অল্‌জর্শিজদিগের প্রায় ৭০০০ হাজার লোক হত ও আহত হইয়া নষ্ট হইল এবং ইঙ্গরেজ ও ওলন্দাজ লোকেও প্রায় ৯০০ শত মনুষ্য গত হইল।

প্র। লর্ড একেস্‌মাউথ এইরূপে জয়লাভ করাতে কি উপকার দর্শিল?

উ। অল্‌জর্শের রাজা ব্রিটিশ পক্ষের সকল প্রস্তাবেই সম্মত হইতে স্বীকার করিলেন অর্থাৎ তিনি আর কখন কোন খৃস্টান লোককে পূর্ব্বের ন্যায় ধৃত করিয়া দাসত্ব শৃঙ্খলে বদ্ধ করিয়া রাখিবেন না যাহাদিগকে বন্দী করিয়া রাখিয়াছেন অবিলম্বেই তাহাদিগকে মুক্ত করিয়া দিবেন, তাঁহা দ্বারা ইউরোপের যে রাজ্যের যতহানি হইয়াছে, তৎসমুদায়ই পূরণ করিয়া দিবেন।

প্র। এই সময় গ্রেট ব্রিটেনের মধ্যে কি গোলযোগ উপস্থিত হইয়াছিল?

উ। চতুর্দ্দিকে সমরানল একেবারে হঠাৎ নির্ব্বাণ হওয়া-

তে ইংলণ্ডের মধ্যে বাণিজ্য ও আর আর প্রকার শিল্পক র্য্য কমিয়া গেল ইহাতে লোকের কর্ম্ম কার্য্য বন্দ হওয়াতে দুঃখি লোকদিগের বিজাতীয় ক্লেশ হইতে লাগিল।

প্র। ইংলণ্ডের স্থানে স্থানে অনেক ইতর লোকের সভা ও গোলযোগ হওয়াতে কি রাজ্যের মধ্যে বড় আন্দোলন উপস্থিত হয় নাই?

উ। হাঁ হইয়া ছিল। পার্লেমেণ্ট সংশোধনার্থ আবেদন করিবার ছল করিয়া বহুসংখ্যক ইতরলোক লণ্ডন ও আর আর প্রধান নগরে একত্রীভূত হইতে ও স্থানে স্থানে কোপজনক বক্তৃতা করিতে লাগিল এবং সেই সকল ক্রোধ উদ্দীপক বক্তৃতা শ্রবণ করিয়া অনেক দুঃশীল লোক একেবারে উন্মত্ত হইয়া ভয়ানক ব্যাপার করিবার উপক্রম করিল।

প্র। কোন্ কোন্ স্থানে এইরূপ গোলযোগ অধিক হয়?

উ। লণ্ডন, মেনচেষ্টর, এবং ডর্বি প্রভৃতি স্থানে। ঐ কুশাসন নিবারণের জন্য কিছু কালের নিমিত্ত পার্লেমেণ্ট হইতে হেবিয়স্ করপস্ নামক আইন স্থগিত হয় এবং এষ্টেট সেক্রেটরির আদেশে ঐ প্রকার দৌরাত্ম্যকারী অবাধ্য লোকদিগের মধ্যে প্রধান প্রধান অনেকে ধৃত হইয়া কারাবদ্ধ হয়।

প্র। পরে কি হয়?

উ। রাজবিদ্রোহী বলিয়া ঐ সকল লোকের বিচার হওয়াতে কেহ কেহ নির্দ্দোষী সপ্রমাণ হইয়া অব্যাহতি পায়, কাহার কাহার অপরাধ সাবাস্ত হওয়াতে প্রাণদণ্ড হয় এবং অনেকে দীর্ঘকাল কারাবদ্ধ থাকিয়া শেষে মুক্ত হয় ও হেবিয়স্ কর্পস্ নামক আইন পুনর্ব্বার প্রচলিত হয়।

প্র। ১৮১৭ খৃষ্টাব্দে ইংলণ্ড রাজ্যে কি বিশেষ শোচনীয় ঘটনা ঘটে?

উ। মহারাজের জ্যেষ্ঠ পুত্রের প্রধানা কন্যা রাজকুমারী সারলেটের মৃত্যু হয়। ঐ প্রিয়দর্শনা গুণবতী রাজবালা ১৮১৭ সালের ৬ নবেম্বরে একটি মৃত পুত্র প্রসব করিয়া কালগ্রাসে ক্তিত হয়েন।

প্র। এই দুর্ঘটায় লোকে কিপর্য্যন্ত দুঃখিত হইয়াছিল?

উ। তিনি রাজ্যাধিকারী পুত্র প্রসব করিয়া সকলের আনন্দ বর্দ্ধন করিবেন অপর সাধারণ সকল লোকেই এই প্রকার আশা করিয়াছিল, এমন সময় হঠাৎ উক্তপ্রকার বিড়ম্বনা ঘটাতে রাজ্যস্থ সমস্ত লোকরই অত্যন্ত মনস্তাপ হইয়াছিল। তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া অতি সমারোহ পুর্ব্বক নির্ব্বাহিত হয়, এপ্রকার করিয়া মনের সহিত দুঃখিত হওয়া বা অনুরাগের সহিত শোক চিহ্ন প্রকাশ করা কেহ কখন প্রত্যক্ষ করে নাই। তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়ার দিবসটী রজ্যস্থ লোকের সক-

নেরই শোকেরদিন বলিয়া প্রসিদ্ধ হইল এবং তিনি যে স্বীয় সদ্গুণ দ্বারা রাজ্যস্থ লোককে কি পর্য্যন্ত বশীভূত করিয়াছিলেন তাহাও তাহাদিগের আন্তরিক দুঃখ দ্বারা বিলক্ষণ প্রকাশ পাইয়া উঠিল।

প্র। রাজকুমারীর শোচনীয় মৃত্যুতে আর কি ঘটনা ঘটিয়াছিল?

উ। তাঁহার মৃত্যু ঘটনায় রাজ্যের সাক্ষাৎ উত্তরাধিকারীর বংশের ব্যতিক্রম হওয়াতে তাঁহার পিতৃব্যরা সকলেই আপন আপন পদ মর্য্যাদা ও উত্তম কুল ও রাজ্যের অবস্থার অনুরূপ পাত্রী দেখিয়া বিবাহ করিতে সযত্ন হইলেন এবং ১৮১৮ খৃষ্টাব্দের এপ্রেল মাসে কেম্‌ব্রিজের ডিউক হেসি কাসেলের রাজকন্যাকে বিবাহ করিলেন ও তাহার পর জুলাইমাসের একদিবসেই ডিউক অব ক্লারেন্স সাকস্‌মেনিঞ্জেনের রাজকুমারীর এবং ডিউক অব কেন্ট সাকস্‌ কোবর্গের রাজদুহিতা বিকটোরিয়া মেরিয়া লুইসা প্রিন্স অব লিনিংগেনের বিধবা স্ত্রীর পাণি গ্রহণ করিলেন। এই সময় তাহার পিতৃস্বসা এলিজেবেথ ও প্রিন্স অব হম্বর্গকে পতিত্বে বরণ করিলেন।

প্র। ১৮১৮ খৃষ্টাব্দে কি প্রধান রাজকীয় কর্ম্ম হয়?

উ। পার্লেমেন্টের মধ্যে কি প্রকার অবস্থার লোক সন্নিবেশিত হইতে পারিবে? উক্ত বৎসরে এই বিষয়ের

বিবেচনা ও স্থিরতা করণ লইয়া রাজ্যস্থ সকল লোকে ব্যস্ত সমস্ত হয়।

প্র। যে সকল রাজারা ইংলণ্ডের সহকারী হইয়া পরস্পর ঐকমত্যে ফ্রান্সের সহিত সমর করিয়াছিলেন ঐ সময় কি তাঁহাদিগের কোন সভা হইয়াছিল?

উ। হাঁ হইয়াছিল। ইউরোপের সর্ব্বত্র নিরুপদ্রব ও শান্ত হওয়াতে ঐ সকল রাজারা একেস্লাচেপল নামক স্থানে সমাগত হইয়া অবধারিত করিলেন, যে ফ্রান্স রাজ্যে সুন্দর রূপে রাজশাসন প্রতিষ্ঠিত করিবার নিমিত্ত তথায় যে সৈন্য আছে, তাহাদিগের আর থাকিবার প্রয়োজন নাই। ঐ পরামর্শানুসারে তাহারা তথা হইতে আনীত হইল।

প্র। ঐ সময় ভারতবর্ষে কি ঘটনা হয়?

উ। ভারতবর্ষস্থ পিণ্ডারি নামক কতকগুলি প্রবল লোক ব্রিটিশ গবর্ণমেণ্টের বিরোধি হওয়াতে মহাপ্রতাপ মারকুইস অব হেষ্টিংস বাহাদুর বহুসংখ্য সৈন্য লইয়া তাহাদিগকে [illegible] রূপে শাসিত করেন এবং সেই যুদ্ধে ব্রিটিশ অধিকার আরও বিস্তীর্ণ হয়।

প্র। ঐ বৎসর কোন [illegible] মৃত্যু হয়?

উ। তৃতীয় জর্জের [illegible] শারলেট [illegible] রাজমহিষী [illegible] বৎসর [illegible]

১৮১৮ খৃষ্টাব্দের ১৭ নবেম্বরে কিউ নামক স্থানে লোকান্তর গত হয়েন।

প্র। ১৮১৯ খৃষ্টাব্দে কি দেশের রাজকীয় ব্যাপারের ঘটনা হয়?

উ। রাজ্যের মূল দোষ সংশোধক নামে কতকগুলি ইতর লোক একটি দলবদ্ধ হইয়া স্থানে স্থানে একত্রিত হওয়াতে রাজ্যের মধ্যে সর্ব্বত্রেই অত্যন্ত আন্দোলন উপস্থিত হইল। অবশেষে ঐ প্রকার দল মেনচেষ্টরে বড় ভয়ানক হইয়া উঠিল।

প্র। কি প্রকার ভয়ানক ব্যাপার হইয়াছিল বিশেষ করিয়া বল

উ। ১৬ আগষ্ট দিবসে হণ্ট নামক এক ব্যক্তির উদ্যোগে ঐ প্রকার বহুলোক একত্রিত হইয়া মহাসমারোহ পূর্ব্বক আপনাদিগের মত ও উদ্দেশ্য প্রকাশক [illegible] পতাকা সকল ধারণ করিয়া মেনচেষ্টরে আসিয়া একত্রিত হইল। তথাকার মাজিষ্ট্রেট এই ব্যাপার জানিতে পারিয়া তাহাদিগের শাসন করিবার নিমিত্ত কুই [illegible] সেনা চাহিয়া পাঠাইলেন; এবং তাহাদিগের এক দলকে ঐ দল বদ্ধ বিদ্রোহীদিগের প্রধান প্রধান লোককে ধৃত করিতে অনুমতি প্রদান করাতে ভয়ানক গোলযোগ উপস্থিত হইয়া বহুলোকের প্রাণনষ্ট হইল। এবং কতকগুলি লোক অত্যন্ত আহত হইল

প্র। ইহাতে পরিণামে কি হইল?

উ। এ প্রকার অবৈধ জনতা হইতে দেওয়া নিষেধ করা নিতান্ত আবশ্যক বিবেচনা করিয়া পার্লমেণ্ট এইরূপ নিয়ম করিলেন যে বিশেষ প্রয়োজন ও বিশেষ রাজ অনুমতি ভিন্ন যে সকল লোক এই প্রকারে অকারণ জনতা করিবে তাহাদিগকে দণ্ডার্হ হইতে হইবে। ব্যবস্থাপক সমাজের মধ্যেও কোন কোন ব্যক্তি ঐ প্রকার নিয়মের প্রতি অনেক আপত্তি উপস্থিত করিয়া ছিলেন।

প্র। ১৮২০ খৃষ্টাব্দের আরম্ভে কি দুই জন প্রধান প্রধান লোকের মৃত্যু হইয়াছিল?

উ। হাঁ হইয়া ছিল। ডিউক অব কেন্ট, বর্ত্তমান মহারাণী আলেকজেণ্ড্রিণা বিকটোরিয়াকে আটমাসের রাখিয়া ঐ সালের ২৩ জানুয়ারিতে সিডমাউথ নামক স্থানে ভয়ানক শ্লেষ্মা রোগে আক্রান্ত হইয়া কালগ্রাসে পতিত হয়েন। উক্ত মহত্তমার মৃত্যুতে অনেক লোকে দুঃখিত হইয়া ছিল। ১৮১৯ সালের ২৪এ মে তাঁহার কন্যা বর্ত্তমান মহারাণী বিকটোরিয়ার জন্ম হয়। পরে মহারাজা তৃতীয় জর্জ ৬০ বৎসর রাজত্ব করিয়া ঐ শকের ২৯ জানুয়ারিতে ৮২ বৎসর বয়সে ইহলোক হইতে অবসৃত হয়েন। তাঁহার যে ভয়ানক রোগ ছিল তাহাতে পুত্রেরা

স্ত্রীদিগের দৌরাত্ম্য হইতে রক্ষা করিতে গিয়া নিহত হয়েন।

প্র। ১৮২৭ খৃষ্টাব্দে কোন কোন বিখ্যাত ব্যক্তির লোকান্তর প্রাপ্তি হয়?

উ। মহারাজ তৃতীয় জর্জের দ্বিতীয় পুত্র ইয়র্কের ডিউক ফ্রেড্রিকের, গ্রেট ব্রিটেনের প্রধান রাজমন্ত্রী রাইট অনরিবেল জর্জ কেনিঙ্গের, লিন কলেজ বিসপ ডক্টর পেলহ্যমের এবং চেষ্টরের বিসপ ডক্টর উলসিনের মৃত্যু হয়।

প্র। ঐ সময় রাজকীয় ব্যাপারের কি পরিবর্ত্তন হয়?

উ। আরল অব লিবরপুল অপস্মার রোগের নিমিত্ত স্বকার্য্য নির্ব্বাহে অশক্ত হওয়ায় অনরিবেল জর্জ কেনিং তৎ পদে অর্থাৎ প্রধান রাজমন্ত্রীর পদে অভিষিক্ত হয়েন।

প্র। কেনিং কত দিন ঐ পদে নিযুক্ত ছিলেন?

উ। ১৮২৮ খৃষ্টাব্দের ৮ আগষ্ট পর্য্যন্ত। তিনি আপনার একটি রোগের প্রতি অবহেলা করিয়া রাজকর্ম্ম সাধনার্থে অপরিমিত পরিশ্রম করাতে ঐ রোগ বৃদ্ধি পাইয়া উক্ত দিবসে তাঁহার মৃত্যু হয়।

প্র। তাঁহার পর কোন ব্যক্তি প্রধান রাজমন্ত্রীর পদে অভিষিক্ত হয়েন?

উ। লর্ড গডরিক। পূর্ব্বে ইহাঁর নাম মেষ্টর রবিনসন বলিয়া উক্ত হইত।

প্র। ১৮২৭ খৃষ্টাব্দে জল যুদ্ধে কি বিশেষ ঘটনা ঘটে?

উ। তোর্কের রাজা স্বীয় গ্রিক প্রজাদিগের প্রতি প্রশান্ত ভাব প্রকাশ না করায় ইংরেজ ফরাস ও রুসদিগের কতকগুলি রণতরি গিয়া নেবারিনো নামক উপকূলস্থ দুর্গের সম্মুখবর্ত্তী হইলে উভয় পক্ষে ঘোরতর সংগ্রাম হইয়া পরিশেষে তোর্করাজ সম্পূর্ণ রূপে পরাজিত হয়েন।

প্র। ১৮২৮ খৃষ্টাব্দে কি কি ব্যাপার সংঘটিত হয়?

উ। ডিউক অব ওএলিংটন আর এক নূতন কর্ম্ম সচিব লর্ড গডরিকের পদে প্রাপ্ত হয়েন এবং টেষ্ট ও কর্পোরেশনের আইন রহিত হয়।

প্র। ঐ খৃষ্টাব্দে কোন্ কোন্ বিখ্যাত ব্যক্তি গত হয়েন?

উ। ঐ শকে ডকটর সটন আর্চ বিসপ অব কেন্টরবেরি ২০ বৎসর স্বপদে থাকিয়া লোকান্তর গমন করেন এবং আরল অব লিবরপুল বহুদিন ইংলণ্ডের প্রধান রাজমন্ত্রীর পদে কালযাপন করিয়া মৃত্যু মুখে পতিত হয়েন।

প্র। ১৮২৯ খৃষ্টাব্দের প্রধান ঘটনা কি কি?

উ। রাজকীয় ব্যাপারে রোমান্ কাথলিক মতাবলম্বিদিগকে সম্পূর্ণ রূপে ক্ষমতা ও অধিকার প্রদান করিবার নিমিত্ত ১৩ এপ্রেলে এক নিয়ম প্রচারিত হয়।

তোর্ক রাজের [illegible]

প্র। কোন্ সময় রাজা চতুর্থ জর্জের মৃত্যু হয়?

উ। তিনি বহুকাল নিরুপদ্রবে ও শান্ত ভাবে রাজ্য শাসন ও প্রজাপালন করিয়া ১৮৩০ খৃষ্টাব্দের ২৬ জুনে ইহলোক হইতে অবসৃত হয়েন। তাঁহার সময়ে বহু প্রকার অট্টালিকা ও প্রাসাদ দ্বারা রাজধানীর শোভা বৃদ্ধি হয়।

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

চতুর্থ উইলিএমের রাজত্ব।

প্র। চতুর্থ জর্জের পর কে রাজা হয়?

উ। তাঁহার ভ্রাতা ডিউক অব ক্লারেন্স চতুর্থ উইলিএম।

প্র। ইহাঁর অধিকারের প্রথমেই কি কি ঘটনা ঘটে?

উ। মহাসভা পার্লিমেন্টের হৌস অব কমন্সের সংশোধনের বিষয় লইয়া মহা আন্দোলন উপস্থিত হয়।

প্র। ঐ বিষয় লইয়া পরে কি হয়?

উ। পার্লিমেন্টের সভার বৈঠক হইলে পর প্রধান মন্ত্রী ডিউক অব ওএলিংটন উক্ত প্রস্তাবের কোন পোষকতাই করিবেন না বলিয়া স্থির করিলেন এবং ১৮৩০ সালে পার্লিমেন্টে [illegible] করিয়া এক নূতন [illegible]